तमसो मा ज्योतिर्गमय

VISVA BHARATI
LIBRARY
SANTINIKETAN

৮১'৪১২

হা- ম৮

94512

# রায়শেখরের পদাবলী

শ্রীযতীন্দ্রমোহন ভট্টাচার্য্য, এম.এ., তত্ত্বরত্নাকর
বাঙ্গালা ভাষা ও সাহিত্যের প্রধান অধ্যাপক
কটন কলেজ, গৌহাটী

ও

শ্রীদ্বারেশচন্দ্র শর্ম্মাচার্য্য, এম.এ.
সম্পাদিত

কলিকাতা বিশ্ববিদ্যালয়

মূল্য—দশ টাকা

PRINTED IN INDIA

PRINTED AND PUBLISHED BY SIBENDRANATH KANJILAL,
SUPERINTENDENT, CALCUTTA UNIVERSITY PRESS,
48, HAZRA ROAD, CALCUTTA.

নিঃস্বার্থ স্বদেশ হিতৈষণাযজ্ঞে

দধীচির মত আত্মদানকারী

স্বাধীনতার মূর্ত্ত-প্রতীক

বঙ্গের দুলাল তথা ভারতের গৌরব

মহাপ্রাণ ৺শ্যামাপ্রসাদ মুখোপাধ্যায় মহাশয়ের

পুণ্য-কীর্ত্তি স্মরণে—

# ভূমিকা

রায়শেখরের পদাবলীর এই সংস্করণ ১১ খানি মুদ্রিত গ্রন্থ ও ৮ খানি হস্তলিখিত পুঁথি অবলম্বনে সঙ্কলিত হইয়াছে। ইহাতে মোট ২৫৩টি পদ স্থান পাইয়াছে। প্রত্যেক পদের পাদটীকায় সেই পদ যে-যে মুদ্রিত গ্রন্থে ও পুঁথিতে আছে তাহার নির্দ্দেশ দেওয়া হইয়াছে। এই নির্দ্দেশের পর যথাসম্ভব পাঠান্তর দেওয়া আছে। বানানের পাঠান্তর কোথাও প্রদর্শিত হয় নাই। লিপিকার ভেদে বানানের ভেদ সর্ব্বত্রই রহিয়াছে। উ, ঊ; ন, ণ; শ, ষ, স; ি, ী, ু, ূ প্রভৃতির পাঠান্তর কোথাও দেখান হয় নাই।

শ্রীশ্রীপদকল্পতরুর একাধিক সংস্করণ আছে। বর্ত্তমান সঙ্কলনে স্বর্গত সতীশচন্দ্র রায় সম্পাদিত ও বঙ্গীয় সাহিত্য-পরিষৎ প্রকাশিত সংস্করণই বিশেষ ভাবে অনুসরণ করিয়াছি। 'পদ' বলিতে শ্রীশ্রীপদকল্পতরুর সাহিত্য-পরিষৎ সংস্করণ ও 'প-র-সা' বলিতে "পদ-রস-সার" গ্রন্থ সর্ব্বত্র বুঝিতে হইবে।

কবি রায়শেখর চৈতন্য-পরবর্ত্তী শ্রেষ্ঠ বৈষ্ণব পদকর্ত্তাগণের অন্যতম। তাঁহার রচিত পদগুলি বিশেষ মধুর ও লালিত্যপূর্ণ। অমিয়-মধুর ব্রজবুলি -পদের রচয়িতা হিসাবে বৈষ্ণব-সাহিত্যে গোবিন্দদাসের (কবিরাজ) স্থান অদ্বিতীয়; এইরূপ লালিত্যপূর্ণ পদরচনায় গোবিন্দদাস ও জ্ঞানদাসের পরই কবি রায়শেখরের স্থান। কবির প্রকৃত পরিচয় নির্ণয় করা কঠিন। তাঁহার রচিত পদগুলি পরীক্ষা করিলে দেখা যায়, কোন কোন ক্ষেত্রে তিনি গোবিন্দদাসকে অনুকরণ করিয়াছেন, এই হেতু তাঁহাকে গোবিন্দদাসের পরবর্ত্তী বলিয়া মনে করা যাইতে পারে।

অনেকের মতে তিনি বর্দ্ধমানের পড়ান গ্রামের অধিবাসী ছিলেন। তাঁহার দুই-একটি পদের ভণিতায় বৈষ্ণবগোস্বামী রঘুনন্দনের চরণে ভক্তি অর্ঘ্য নিবেদিত হইয়াছে; এইরূপ ভক্তিনিবেদন গুরুর প্রতি শিষ্যের পক্ষেই সম্ভব। ইহা হইতে মনে হয়, তিনি শ্রীখণ্ডনিবাসী রঘুনন্দন ঠাকুরের মন্ত্রশিষ্য ছিলেন।

পাপিয়া শেখর রায়  বিকাইল রাঙ্গা পায়।
শ্রীরঘুনন্দন প্রাণেশ্বর [ পদসংখ্যা—২৪৯ ]॥

এই রঘুনন্দনকে অনেকে আবার নিত্যানন্দবংশ-সম্ভূত রঘুনন্দন গোস্বামী বলিয়া ভ্রান্ত ধারণা পোষণ করেন। শ্রীখণ্ডের ঠাকুরেরা বৈদ্য-জাতীয়; শ্রীখণ্ডের নরহরি সরকার ঠাকুরের ভ্রাতা মুকুন্দ; তাঁহারই পুত্র রঘুনন্দন ঠাকুর।

"শেখরের প্রাণ  মুকুন্দনন্দন
তরল করিল প্রেমে॥" [ পদসংখ্যা—২৪০ ]

বৈষ্ণব-শাখানির্ণয় হইতেও ইহার পরিচয় পাওয়া যায়; আমাদের কবি রায়শেখর সম্ভবতঃ ব্রাহ্মণ ছিলেন। একটি পদে—"কহে দ্বিজ শেখর দাস" [ পদসংখ্যা—৪২ ] এরূপ উল্লেখ আছে। শ্রীখণ্ডের ঠাকুরদিগের ব্রাহ্মণ, বৈদ্য ও কায়স্থ প্রভৃতি সকল শ্রেণীরই শিষ্য ছিল। খেতুরী মহোৎসব ষোড়শ শতকের গোড়ার দিকে হইয়াছিল; এই প্রসিদ্ধ বৈষ্ণব-মহোৎসবে শ্রীখণ্ডের রঘুনন্দন ঠাকুর, গোবিন্দদাস ও জ্ঞানদাস প্রভৃতি উপস্থিত ছিলেন দেখা যায়; কিন্তু রায়শেখরের উল্লেখ তাহাতে নাই। আমাদের মনে হয়, এই সময়ে আমাদের কবির বয়স অল্প ছিল এবং তাঁহার কবিখ্যাতিও তত হয় নাই।

'শেখর' ভণিতাযুক্ত বাংলা ও ব্রজবুলি পদগুলির মধ্যে শেখর ( পদ-সংখ্যা—৮ ), রায়শেখর (১০১), শেখর রায় (৪৩), কবিশেখর রায় (৮৪), কবিশেখর (৫৫), দুখিয়া শেখর রায় (২২১), পাপীয়া শেখর (২৪৫), নব কবিশেখর (৫৩), শেখর দাস (১৬), দ্বিজ শেখর দাস (৪২) প্রভৃতি নানা ধরণের নাম রহিয়াছে; কিন্তু পদগুলির শব্দ ও রচনাভঙ্গী অনুধাবন করিলে এইগুলি যে একই কবির রচিত তাহা বুঝা যায়। 'পাপিয়া' কিংবা 'দুখিয়া' শব্দ বৈষ্ণবোচিত বিনয়েরই প্রকাশ। 'শেখর' ভণিতাকে কেহ কেহ আবার 'চন্দ্রশেখর' কিংবা 'শশিশেখর' ধরণের কোন নামের সংক্ষিপ্ত অংশবিশেষ মনে করিয়া থাকেন; কিন্তু ইহার কোন প্রমাণ বা উল্লেখ কোথাও নাই। 'রায়শেখর' কবির পূর্ণ নামও হইতে পারে বলিয়া আমাদের মনে হয়।

কেহ কেহ 'কবিশেখর' ভণিতাযুক্ত কয়েকটি পদকে মৈথিল কবি

বিদ্যাপতির পদ বলিয়া মনে করেন। ইহার উপর ‘নব কবিশেখর’ উপাধিও রহিয়াছে। বিদ্যাপতির উপাধি ‘কবিশেখর’ ছিল কিংবা তাঁহার পূর্ব্ববর্ত্তী কোন ‘কবিশেখর’ হইতে পার্থক্য বুঝাইবার জন্য ‘নব’ যোগ করিয়াছেন এইরূপ মনে করিবার কোন কারণ নাই। বিদ্যাপতি মৈথিল ভাষার কবি। ‘ব্রজবুলি’ বিদ্যাপতির পরবর্ত্তী একরূপ কৃত্রিম ভাষা। ইহা বাঙ্গালী কবিগণেরই সৃষ্টি। সুতরাং বিদ্যাপতির পক্ষে ব্রজবুলিতে পদ রচনা করিবার কোন সম্ভাবনা থাকিতে পারে না। ব্রজবুলির ইতিবৃত্তই ইহার প্রমাণ দেয়।

‘ব্রজবুলি’ ব্রজের বা মথুরা-বৃন্দাবনের ভাষা নহে। হিন্দী কিংবা ঐ জাতীয় কোন ভাষার সঙ্গে ইহার কোন সংস্রবও নাই। কোন দিন কেহ এই ভাষায় কথাও বলিত না। ইহা বাংলা ও মৈথিলীর সংমিশ্রণে গঠিত একরূপ কৃত্রিম ভাষা। গীতিকবিতায় বিশেষতঃ রাধাকৃষ্ণবিষয়ক সঙ্গীতেই ইহার বিকাশ ঘটে। ভাষাতত্ত্বাচার্য্যগণের সকলেই এই মত পোষণ করেন। মূলতঃ মিথিলা এক সময় সংস্কৃতচর্চ্চার বিশেষ কেন্দ্র ছিল। মুসলমানেরা বঙ্গবিজয় করিলে এই দেশে শিক্ষাদীক্ষার বিশেষ ব্যাঘাত হয়; বাংলা হইতে ‘স্মৃতি’ ও ‘ন্যায়’-শাস্ত্রের শিক্ষার্থীরূপে বহু বিদ্যার্থী মিথিলায় যাইতেন। মৈথিলী গীতিকবিতা তাঁহাদের মধ্যে অনেকের দৃষ্টি আকর্ষণ করে। সম্ভবতঃ তাঁহাদের দ্বারাই মধুর মৈথিলী পদসমূহ বাংলায় আনীত হয়; পদলালিত্যে এই গীতিকবিতাগুলি বাঙ্গালীর নিকট বিশেষ উপাদেয় হইয়া উঠে। এই সকল মৈথিলী কবিতার অনুকরণে বাংলায় গীতি-গাঁথা রচিত হয় বলিয়াই অনুমান হয়। মৈথিলী ও বাংলার সংমিশ্রণে শ্রুতিমধুর যে ভাষার সৃষ্টি হইয়াছিল, তাহাই পরবর্ত্তী কালে ‘ব্রজবুলি’ নামে খ্যাত হইয়াছে। মৈথিলী গীতিকবিতা আদৃত হইবার আরও কারণ বিদ্যাপতির মধুর পদাবলী।

এইদিকে শ্রীগৌরাঙ্গদেবের আবির্ভাব ও বৈষ্ণবধর্ম্মের নবরূপ দেশে এক উন্মাদনা আনিয়া দিল। রাধাকৃষ্ণবিষয়ক সঙ্গীতাদির অধিকাংশই এই কৃত্রিম ভাষায় রচিত হইল। ষোড়শ শতাব্দীর শেষভাগেই এই ব্রজবুলি পদ চরম উৎকর্ষ লাভ করে। ব্রজের প্রাণ রাধাকৃষ্ণের লীলা এই ভাষায় রচিত বলিয়াই ইহা ব্রজবুলি নামে খ্যাত হয়।

শ্রীশ্রীচৈতন্যদেব-প্রবর্ত্তিত বৈষ্ণবধারার বিশেষত্ব রাধাতত্ত্ব। জগদ্ব্যাপী হ্লাদিনী শক্তি রাধা ও জগন্ময় পুরুষ শ্রীকৃষ্ণ;—এই দুইয়ের লীলায়ই জগৎ। জীবই (মানবাত্মা) রাধা আর সেই পরমপুরুষই শ্রীকৃষ্ণ। কৃষ্ণের জন্যই জীব। সেই মহাসত্তায় নিজেকে বিলাইয়া দিবার আহ্বানই রহিয়াছে রাধাকৃষ্ণের প্রেমে। শান্ত, দাস্য, সখ্য, বাৎসল্য এবং মধুর বা শৃঙ্গার এই কয়টি ভাব বা রসের বিকাশেই তাঁহার সঙ্গে মিলন হইতে পারে। বৈষ্ণব-পদাবলী এই রসধারায়ই পরিপ্লুত। শ্রীশ্রীচৈতন্যদেব শ্রীশ্রীকৃষ্ণ হইতে অভিন্ন রূপে কল্পিত হইয়াছেন। রাধাভাবের মাধুর্য্যরসের বিকাশ দেখাইবার জন্যই তাঁহার জীবন। সুতরাং পদাবলী-সাহিত্যে রাধাকৃষ্ণের লীলাবর্ণনার সঙ্গে শ্রীগৌরাঙ্গদেব ও তাঁহার পার্ষদগণের লীলাবর্ণনাও আছে।

কবি রায়শেখরের পদাবলীতে শ্রীকৃষ্ণের বাল্যলীলা, যশোদার বাৎসল্য, গোষ্ঠলীলা, রাধাকৃষ্ণের পূর্ব্বরাগ, প্রেম, মিলন প্রভৃতি নানা ভাবের পদই রহিয়াছে; ইহা ছাড়া শ্রীগৌরাঙ্গদেব ও তাঁহার লীলাসহচরগণের স্তুতি ও বর্ণনাও রহিয়াছে। রায়শেখরের আর একটি বৈশিষ্ট্য তাঁহার দণ্ডাত্মিকা পদাবলী। তাঁহার রচিত বাংলা পদগুলিও সুন্দর এবং লালিত্যপূর্ণ।

এই গ্রন্থসম্পাদনকার্যে ভূতপূর্ব্ব রামতনু লাহিড়ী অধ্যাপক শ্রদ্ধেয় শ্রীযুক্ত শ্রীকুমার বন্দ্যোপাধ্যায় মহাশয়ের নিকট হইতে সকল সময় উপদেশ ও উৎসাহ পাইয়াছি। প্রুফ দেখার কাজে বন্ধুবর শ্রীযুক্ত সৌরীন্দ্রকুমার ঘোষ মহাশয় আমাদের সহায়ক হইয়াছিলেন। কলিকাতা বিশ্ববিদ্যালয়ের মুদ্রণালয়ের প্রধান কর্ম্মকর্ত্তা প্রীতিভাজন শ্রীযুক্ত শিবেন্দ্রনাথ কাঞ্জিলাল মহাশয় ও তাঁহার সহকর্ম্মিবর্গকে আমাদের আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করিতেছি।

শ্রীযতীন্দ্রমোহন ভট্টাচার্য্য
শ্রীদ্বারেশচন্দ্র শর্ম্মাচার্য্য

# সাঙ্কেতিক চিহ্ন-নির্দ্দেশ

—শ্রীশ্রীপদকল্পতরু, সতীশচন্দ্র রায় সম্পাদিত, সাহিত্য-পরিষৎ সংস্করণ।

শ্রীশ্রীপদকল্পতরুধৃত পাঠ :—

ক—কলিকাতা আহিরীটোলার গোস্বামী মহোদয়দিগের গৃহে রক্ষিত পুথি।

খ—কালিদাস নাথ মহাশয় কর্ত্তৃক বৃন্দাবন হইতে সংগৃহীত পুথি, লিপিকাল—১৭৪৩ শক।

গ—২৪-পরগণার অন্তর্গত বসিরহাট নিবাসী নরেন্দ্রনাথ বিশ্বাস মহাশয়ের গৃহে রক্ষিত গ্রন্থ।

ঘ—বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ গ্রন্থাগারে রক্ষিত পুথি, লিপিকাল—১৭৪০ শক।

চ—বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ গ্রন্থাগারে রক্ষিত পুথি, লিপিকাল—১৭৪৫ শক।

প-স—রাধামোহন ঠাকুর সঙ্কলিত পদামৃত সমুদ্র, বহরমপুর রাধারমণ যন্ত্রে প্রকাশিত সংস্করণ।

প-র—কমলাকান্ত দাসের সঙ্কলিত পদ-রত্নাকর। সাহিত্য-পরিষৎ পুথিশালায় রক্ষিত ৯৫৩ নং পুথি, লিপিকাল—১২১৩ বাং।

র—রায়শেখরের পদাবলী—কালিদাস নাথ সম্পাদিত।

ন—রায়শেখরের পদাবলী—নিত্যানন্দ দাস সম্পাদিত।

কী—কীর্ত্তনানন্দ।

গৌ—গৌরপদতরঙ্গিণী, পরিষৎ সংস্করণ।

বি—বিদ্যাপতির পদাবলী—নগেন্দ্রনাথ গুপ্ত সম্পাদিত, পরিষৎ সংস্করণ।

স—সঙ্গীত-সার-সংগ্রহ।

প—পদামৃত সমুদ্র—রাধামোহন ঠাকুর সঙ্কলিত।

অ—অপ্রকাশিত পদরত্নাবলী—সতীশচন্দ্র রায় সম্পাদিত।

শ্রী সং—শ্রীশ্রীসংকীর্ত্তনামৃত—অমূল্যচরণ বিদ্যাভূষণ সম্পাদিত, বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ সংস্করণ।

ক্ষ—ক্ষণদাগীতচিন্তামণি।

বি১—কলিকাতা বিশ্ববিদ্যালয়-পুথিশালায় রক্ষিত ৩২১ নং পুথি।

বি২—কলিকাতা বিশ্ববিদ্যালয়-পুথিশালায় রক্ষিত ৩২২ নং পুথি।

বি৩—কলিকাতা বিশ্ববিদ্যালয়-পুথিশালায় রক্ষিত ৬১৪৭ নং পুথি।

সা১—বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ গ্রন্থাগারে রক্ষিত ১৯৪ নং পুথি।

সা২—বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ গ্রন্থাগারে রক্ষিত ১৯৬ নং পুথি।

সা৩—বঙ্গীয়-সাহিত্য-পরিষৎ গ্রন্থাগারে রক্ষিত ২৫৫৬ নং পুথি।

মৃং—মৃগাঙ্কনাথ রায় সংগৃহীত ১০ খানি খণ্ডিত পুথি।

শ্রী—শ্রীহট্টজেলার সদানন্দ ও জয়দুর্গা গ্রন্থাগারের সচ্চিদানন্দ-সংগ্রহের পুথি।

# বর্ণানুক্রমিক পদসূচী


| প্রথম পংক্তি | | | পৃষ্ঠা সংখ্যা |
|---|---|---|---|
| **অ** | | | |
| অট্টালিকা উপরি বসিয়া কীশোরি ভাবয়ে সে রূপখানি··· | | | ১৫ |
| অতি অপরূপ রূপ মনোহর | ... | ... | ৩৩৩ |
| অতুল অতুল গৌরাঙ্গের রূপ, অতুল তাহার আভা | | ... | ৩২৬ |
| অপরূপ রাধা-মাধব নেহা | ... | ... | ৩০১ |
| অপরূপ রাধা-মাধব মেল | ... | ... | ২৭৮ |
| অমল কমল দেহক কাঁতি | ... | ... | ৩২৮ |
| অলখিতে আয়ল অলখিতে গেল | ... | ... | ৫০ |
| অঙ্গসহি নাগরি কুসুম-শেজ পরি | ... | ... | ৩২৪ |
| অলসে অবশ ভেল রসবতি রাই | ... | ... | ৩০৩ |
| অলিকুল জাগল অলিকুল-গানে | ... | ... | ৩০৬ |
| অহে শ্যাম তু বড়ি সুজন জানি | ... | ... | ৮১ |
| **আ** | | | |
| আওয়ে ছিদামচন্দ্র রঙ্গিয়া পাগুড়ি মাথে ... | | ... | ১০ |
| আজু বিপরিত ধনি দেখলুঁ তোয় | ... | ... | ৯১ |
| আধ আধ বালক সত বোল বোলত জননি বদন তহি চাই | | | ২ |
| আনন লোলএ বচন বোলএ হসি | ... | ... | ৩৬৩ |
| আপন মন্দিরে পালঙ্ক উপরে শুতিয়া আছিলুঁ একা | | ... | ৪৫ |
| আয়ান চতুর বড় সদা মাথা ঠার | ... | ... | ২০৩ |
| আর একই লেখা তোমার বন্ধুর সখা | ... | ... | ১৭ |
| **ই** | | | |
| ইঙ্গিত বুঝিয়া নাগর আসিয়া | ... | ... | ১৮৯ |

| প্রথম পংক্তি | | | পৃষ্ঠা সংখ্যা |
|---|---|---|---|
| **উ** | | | |
| উলালী দুলালী সোহাগে আগুলী | ... | .. | ১৩৪ |
| **এ** | | | |
| একলি কলাবতি রহই মন্দির | ... | ... | ৭৭ |
| এড় এড় মাধব তোহে পরিহার | ... | .. | ২২৬ |
| এ ধনি ঐছন কহবি মোয় | ... | ... | ১০৫ |
| এ ধনি পদ্মিনী শুন মঝু বাত | ... | .. | ২৮৭ |
| এ ধনি সুন্দরী কি কহব তোয় | ... | ... | ১৯২ |
| এ ধনি হঠিনি কঠিনি তুয়া চীত | ... | ... | ২২৪ |
| এ হরি! এ হরি! শুনহ বালা | ... | .. | ২৯১ |
| **ও** | | | |
| ও মোর বাছনি ধনি সতী-কুল-শিরোমণি | | ... | ১৪০ |
| **ক** | | | |
| কতহু দুলহ সঙ্গ ভৈ গেল বিচ্ছেদ | ... | ... | ৮৮ |
| কনয়া কমলদল কোমল দেহ | ... | ... | ৩২৭ |
| কবরী-ভয়ে চামরী গেও গিরি-কন্দরে | ... | ... | ৫৯ |
| কবহুঁ রসিক সনে দরশ হোয় জনি | ... | ... | ৮৩ |
| করত নর্ত্তন ভুবনমোহন | ... | ... | ৩৪৯ |
| করযুড়ি কহে ধনী শুন দেব দিনমণি | ... | ... | ২০৭ |
| করযোড়ি মন্ত্র পড়ি রাই ফেলে পাটী | ... | ... | ২১৩ |
| কলাবতি-কৌশল কহনে না যায় | ... | ... | ১৫৬ |
| কলি-কবলিত কলুষ জারত | ... | ... | ৩২৫ |
| কহিতে কানুর বিলাস-কথা | ... | ... | ৫৫ |
| কহিয় কানুরে সই কহিয় কানুরে | ... | ... | ৬৯ |
| কাজর-রুচিহর রজনী বিশালা | ... | ... | ২৭৩ |

| প্রথম পংক্তি | | | পৃষ্ঠা সংখ্যা |
|---|---|---|---|
| কানন-দেবতী বৃন্দা সখী তথি | ... | ... | ১৮৪ |
| কাননে কাতর কুলবতী রাই | ... | ... | ১৭৬ |
| কানু কহে শশিমুখি কর অবধান | ... | ... | ৩০০ |
| কানু বিরস কথি লাগি | ... | ... | ৬৮ |
| কানুরে পাঠাইয়া বনে যশোদা বিষাদ-মনে | | ... | ১৫৩ |
| কামিনী বৈঠলি কানুক সঙ্গ | .... | ... | ২৯৮ |
| কালা কলেবর মনি ঝলমল তাহে সে আনহি ছাঁদ | | ... | ৫ |
| কি আর সাধসি মান | ... | ... | ৬১ |
| কি কহব মাধব রাইক খেদ | ... | ... | ৭৪ |
| কি কহব রে সখি তোহারি সমাজ | ... | ... | ১০৮ |
| কি পেখলুঁ গৌর কিশোর | ... | ... | ৩৩০ |
| কি পেখলু রে সখি আজু বড় রঙ্গ | ... | ... | ৩৩৬ |
| কি পেখলু রে সখি গৌরকিশোর | ... | ... | ৩৪২ |
| কিবা সে দোঁহার রূপ | ... | ... | ৪৩ |
| কুঞ্জে সুন্দর শ্যামর-চন্দ | ... | ... | ২১৭ |
| কুন্দ কুমুদ গজ-মোতিম হার | ... | ... | ২৭ |
| কুন্দন কনক-কমল-রুচি-নিন্দিত | ... | ... | ৩২৯ |
| কুন্দলতা সনে কথা কহে নন্দরাণী | ... | ... | ১৫৫ |
| কুসুমিত কানন কুঞ্জ কুটীরে | ... | ... | ২২১ |
| কুসুমিত কাননে কাতর কান | ... | ... | ১৭৭ |
| কুসুমিত কুঞ্জ কলপতরু-কানন | ... | ... | ১৯৮ |
| কুসুমিত কুঞ্জে অলিকুল গুঞ্জে | ... | ... | ২১৮ |

**খ**

| | | |
|---|---|---|
| খেলা-রসে ছিলা কানাই শ্রীদামের সনে | ... | ১৯ |

**গ**

| | | | |
|---|---|---|---|
| গগনে অব ঘন মেহ দারুণ | ... | ... | ২৫ |

| প্রথম পংক্তি | | | পৃষ্ঠা সংখ্যা |
|---|---|---|---|
| গুণিগণ করে গান লইয়া বিবিধ তান | ... | ... | ২৫৪ |
| গুরুজন পরিজন কে নাহি গঞ্জয়ে কে নাহি করয়ে বিগান | | | ৭৮ |
| গোকুলে ঘেব-দেয়াসিনি আওল নগরহিঁ ঐছে ফুকারি | ... | | ৩৮ |
| গোবর্দ্ধন গিরিবর নিকটহিঁ মণিঘর | ... | ... | ২১৫ |
| গোরা কলেবর হার ঝলমল | ... | ... | ৩৩৯ |
| গৌর রূপের উপমা নাহি | ... | ... | ৩৪০ |
| গৌরাঙ্গ নাগর রসের সাগর | ... | ... | ৩৪১ |
| গৌরাঙ্গ রসের নদী প্রেমের তরঙ্গ | ... | ... | ৩৫২ |
| গ্রামহি জাবট যৈছন পাবক | ... | ... | ১৫৯ |

## চ

| | | | |
|---|---|---|---|
| চতুর রঙ্গিনী রাই সখীগণ সঙ্গ | ... | .. | ১৬৩ |
| চললি নিতম্বিনি যমুনা সিনানে | ... | ... | ৬৫ |
| চলিতে না পারে যৌবন ভারে | ... | ... | ২৭৫ |
| চাতুরি পরিহর নাগর চোর | ... | .. | ৩৫ |
| চিরক পবনে ধনি শীতল ভেল | ... | ... | ৩২১ |
| চিরুণি করে ধরি কেশ-বেশ করি | ... | ... | ১১১ |

## জ

| | | | |
|---|---|---|---|
| জগন্নাথ মিশ্রের সুকৃতি বীজ হৈতে | ... | ... | ৩৫০ |
| জটিলা কহয়ে বধূর ঠাঞি | ... | ... | ২৫৯ |
| জটিলা ভুলিলা রাইয়ের বোলে | ... | ... | ১৬৪ |
| জননী বিদায় করি গোঠে চলিলা হরি | ... | ... | ১৫০ |
| জরতী যতন করি কহে শুন সুন্দরি | ... | ... | ১০৪ |
| জলপান করি কান মুখে দিয়া গুয়াপান | ... | ... | ২৫১ |
| জশোমতি ভোরে কোরে করি লালন | ... | ... | ১ |
| জানল ঘরপর নিন্দে ভেল ভোর | ... | ... | ২৭৬ |

| প্রথম পংক্তি | পৃষ্ঠা সংখ্যা |
|---|---|
| **ঝ** | |
| ঝর ঝর বরিখে সঘনে জলধারা ... ... | ২৪ |
| ঝর ঝর লোচন-লোর নাগর ভেল বিভোর ... | ৭৪ |
| ঝুলনা হইতে নামিলা তুরিতে ... ... | ১৮৫ |
| **ড** | |
| ডাকিনী যোগিনী ভয় ধড়ে প্রাণ নাহি রয় ... | ১৲৹ |
| **ত** | |
| তড়িত বিড়ম্বিত রূপে গুণে ওর ... ... | ৩৩৯ |
| তত্তা থৈ থৈ বাওয়ে মৃদঙ্গ ... ... | ৩২০ |
| তথা হৈতে উঠি বড়াই করিল গমন ... ... | ৫৮ |
| তপনক তাপে তপত ভেল মহীতল ... ... | ১৭৩ |
| তা তা থৈ থৈ মৃদঙ্গ বাজই ... ... | ৩৪৫ |
| তারে দেখি মনে সুখী ... ... | ২০০ |
| তিল-এক নয়ন আড় জিউ না সহ ... ... | ৭৫ |
| তুয়া অঙ্গে পীতিম চীরে ... ... | ৯৩ |
| তুরিতহি সুন্দরি কানুক পরিহরি ... ... | ৬৬ |
| তুলসী চতুরা কহয়ে মধুরা ... ... | ৩২১ |
| তুলসী বচনে সব সখীগণে ... ... | ১৭১ |
| তুহুঁ না পরশ যদি মোয় ... ... | ৩৪ |
| তুহুঁ মনমোহন কি কহব তোয় ... ... | ৬ |
| **দ** | |
| দশদিশ নিরমল ভেল পরকাশ ... ... | ৩০৪ |
| দিন অবসান জানিয়া পরাণ ... ... | ২৩০ |
| দুহুঁ দোহাঁ মীলই বাহু পসারি ... ... | ৩২২ |
| দুহুঁ-মুখ সুন্দর কি দিব উপমা ... ... | ৪২ |

| প্রথম পংক্তি | | | পৃষ্ঠা সংখ্যা |
|---|---|---|---|
| তুহুঁ মুখ হেরইতে তুহুঁ ভেল ধন্দ | ... | ... | ১৮২ |
| তুহুঁ রস রাশি সমাপল হাসি | ... | ... | ১৯৬ |
| তুহুঁ রূপ লাবণি মনমথ মোহিনী | ... | ... | ৩১২ |
| দুরত আওত নাগর রায় | ... | ... | ২৪০ |
| দেখি দিন অবসান চলিলা চতুর কান | ... | ... | ২৪১ |
| দেখিয়া কদম্ব ফুল কানু পড়ে মনে | ... | ... | ৬৯ |
| দেখিয়া কুন্দলতা জটিলা উনমতা | ... | ... | ১০৭ |
| দেব-আরাধন-ছলে চলু গোরী | ... | ... | ২৮ |

ধ

| | | | |
|---|---|---|---|
| ধনি ভেলি মানিনি সখিগণ মাঝ | ... | ... | ৫২ |
| ধনী কুন্দলতা বিশাখা ললিতা | ... | ... | ১৬১ |
| ধরিয়া মায়ের কর কহে রাম দামোদর | ... | ... | ১৪৭ |

ন

| | | | |
|---|---|---|---|
| নন্দের ঘরণী শুনহ কাহিনী | ... | ... | ১৪৯ |
| নব ঘনে বরিখে আনন্দ বড় মনে | ... | ... | ৬৯ |
| নব-চুত-পল্লব পূরি ঘট-বারি | ... | ... | ৮৭ |
| নাগর নাগরি কেলি-বিলাস | ... | ... | ১৯৫ |
| নাচত নগরে নাগর গৌর | ... | ... | ৩৪৩ |
| নাচত নাগরী নাগর কান | ... | ... | ২৮৪ |
| নাচত নীকে গৌরবর-রতনা | ... | .. | ৩৪২ |
| নাচত রসময় গৌর কিশোর | ... | .. | ৩৪৮ |
| নাচে গোরা গোরা গোরা নবকমনিয়া | ... | ... | ৩৪৬ |
| নিজ-কর-পল্লব অঙ্গে না পরশই | ... | ... | ৭২ |
| নিজালয়ে সখী সঙ্গে চলে সুধামুখী | ... | ... | ২৩২ |
| নিঁদে নিঁদায়লি বালা | ... | ... | ৮৯ |
| নিধুবনে শ্যাম বিনোদিনী ভোর | ... | ... | ৪০ |

| প্রথম পংক্তি | | | পৃষ্ঠা সংখ্যা |
|---|---|---|---|
| নিরঞ্জ-নয়নি লেয়ল বীণ | ... | ... | ২৮১ |
| নিরুপম কাঞ্চন-রুচির কলেবর | ... | ... | ৩৩৮ |
| নির্ম্মল কাঞ্চন জিতল বরণ | ... | ... | ৩৩১ |
| নিশাচর ঘরে গেল অরুণ উদয় ভেল | ... | ... | ৩১০ |
| নিশি অবসানে দাস দাসীগণে | ... | ... | ১২১ |
| নিশি-অবসানে সব দাসীগণে | ... | ... | ৯৪ |
| নিশি পরভাতে তবে নন্দের ঘরণী | ... | ... | ৯৮ |

প

| | | | |
|---|---|---|---|
| পথ গতি নয়নে মিলল রাধা কান | ... | ... | ১২০ |
| পরম উদার পহুঁ পরম উদার | ... | ... | ৩৩৭ |
| পরম মধুর মৃদু মুরলি বোলায়ত | ... | ... | ১৮ |
| পাই অবসরে বসিলা সত্বরে | ... | ... | ৯৬ |
| পাইয়া বাঁশি নাগর হাসি | ... | ... | ১৯৩ |
| পুন রানি গৃহেতে করিল গমন | ... | ... | ২ |
| পুন হরি নাগরী চুম্বই বেরি বেরি | ... | ... | ২৯৪ |
| প্রভাতে উঠিয়া বরজ-রাজ | ... | ... | ৫৭ |
| প্রভাতে উঠিয়া বিনদ নাগর চলিলা নাগরি পাস | | ... | ৩৬ |
| প্রাণ মোর সনাতন রঘুনাথ জীবন | ... | ... | ৩৫৭ |

ব

| | | | |
|---|---|---|---|
| বড় অপরূপ পেখলুঁ হাম | ... | ... | ৩১ |
| বড়াই ভাল রঙ্গ দেখ ডাড়াইঞা | ... | ... | ৬১ |
| বলরামের কর লৈয়া গোপালেরে সমর্পিয়া | | ... | ৯ |
| বিচ্ছেদে বিকল ভেল দুহুঁক পরাণ | ... | ... | ৩১৪ |
| বিনোদিনী বিনোদ নাগরবর কান | ... | ... | ২৭৯ |
| বিপিন গমন দেখি হৈয়া সকরুণ আঁখি | ... | ... | ১১ |

| প্রথম পংক্তি | | | পৃষ্ঠা সংখ্যা |
|---|---|---|---|
| বিরা বৃন্দা তথি বোধি রসবতী | ... | ... | ১৭৯ |
| বিলাস সম্বরি নাগর নাগরী | ... | ... | ২২৮ |
| বিশ্বম্ভর গাছ তায় কাতরি গদাধর | ... | ... | ৩৫৬ |
| বুঝাঞা বধূরে কহয়ে সত্বরে | ... | ... | ১৬৭ |
| বৃন্দা কহে কান কর অবধান | ... | ... | ১৮১ |

ভ

| | | | |
|---|---|---|---|
| ভগবতি দেবতি সময় সে জানি | ... | ... | ৯০ |
| ভগবতী আসি ঘর মাঝে বসি | ... | ... | ১১৬ |
| ভানু ভবনে করি বহুবিধ রঙ্গ | ... | ... | ২১১ |
| ভাবোল্লাসে ধনী কানুরে পাইয়া রসের আবেশে কয় | | ... | ৮৫ |
| ভাসি প্রেম জলে নন্দ জায়া বলে | ... | ... | ৮ |
| ভূখণ্ড মণ্ডল মাঝে তাহাতে শ্রীখণ্ড সাজে | | ... | ৩৬০ |
| ভোজন মন্দির ভিতর বাহির | ... | ... | ১২৯ |

ম

| | | | |
|---|---|---|---|
| মঝু কর ছোড়হ নাগর কাণ | ... | ... | ২২২ |
| মঞ্জরী রতন আনল চন্দন | .... | ... | ২২৯ |
| মদনে বেদন পাঞা মদন গোপাল | ... | ... | ২৮৬ |
| মধুর মধুর গৌর কিশোর | ... | ... | ৩৪৭ |
| মনোহর কেশ বেশ মনোহর | ... | ... | ২০ |
| ( মান ) কমলি তো কমলি কলহে কাহে রোয়সি | | ... | ৩৬২ |
| মানে মলিন বদন-চাঁদ | ... | ... | ২৮ |
| মুদির-মাধুরী মধুর মূরতি | ... | ... | ৩৩২ |

য

| | | | |
|---|---|---|---|
| ( যব ) ঋতু-পতি নব পরবেশ | ... | ... | ৭৩ |
| যমুনা পুলিনে চম্পক কাননে | ... | ... | ২৬৬ |

| প্রথম পংক্তি | | | পৃষ্ঠা সংখ্যা |
| --- | --- | --- | --- |
| যশোদা রোহিণী পরম যতনে | ... | ... | ১৩৮ |
| যশোমতি আরতি করত বিধানে | ... | ... | ২৪৬ |
| যোই বেশে আসো মোর ঘরে | ... | ... | ১৩ |

র

| | | | |
| --- | --- | --- | --- |
| রজনি শেষ পর নাগরি নাগর | ... | ... | ৩০৮ |
| রজনী-কাহিনী কহিতে রমণী | ... | ... | ১১৭ |
| রতন-ভবনে কুঞ্জ-দাসীগণে | ... | ... | ৩১৭ |
| রতন মঞ্জরা যতন করি ... | ... | ... | ২৬৩ |
| রন্ধনে মলিনী হইয়া রমণী | ... | ... | ১৩১ |
| রাই অঙ্কে হাত দিয়া নটবর রায় | ... | ... | ১২ |
| রাই-মুখ হেরি মুখরা কহে | ... | ... | ৬২ |
| রাই যবে হেরল হরি মুখ-ওর | ... | ... | ৩৩ |
| রাইরে দেখিয়া উনমত হইয়া | ... | ... | ১২৫ |
| রাধা মাধব সুমধুর কেলি | ... | ... | ২১ |
| রাধা-মুখ-শশি হেরইতে আকুল | ... | ... | ১১৯ |
| রাধিকা-চকোরী হাসি শ্যাম সনে মিলে আসি | | ... | ২৪৪ |
| রাধিকা রূপসী লইয়া তুলসী | ... | ... | ১৬৮ |

ল

| | | | |
| --- | --- | --- | --- |
| ললিতা কেমনে উপায় করি | ... | ... | ১৬ |
| ললিতা বিশাখা আদি যত সখীগণ | ... | ... | ২৬৯ |

শ

| | | | |
| --- | --- | --- | --- |
| শাশুড়ী সরসে হরষ হইয়া | ... | ... | ২৩৭ |
| শিরপরি লালজরি বান্ধে যুবরাজ | ... | ... | ২৫৩ |
| শুন গো রাধিকা বচন মোর | ... | ... | ৬৭ |
| শুন শুন বিনোদিনি রাই | ... | ... | ২২ |

| প্রথম পংক্তি | | | পৃষ্ঠা সংখ্যা |
|---|---|---|---|
| শুন শুন সই আন হেন নই | ... | ... | ৩৩৫ |
| শুন শুন সুন্দরি কর অবধান | ... | ... | ৩৭ |
| শুন যুন্দরি বচন বিশেস ... | ... | ... | ২২ |
| শুনহ একু অবধান মাধব | ... | ... | ৭০ |
| শৈশব যৌবন দরশন ভেল | ... | ... | ৩ |
| শ্যামর গৌর-বরণ একু দেহ | ... | ... | ৩৬৪ |
| শ্রীবৃন্দাবন-অভিনব-সুমদন | ... | ... | ৩৫৯ |
| **স** | | | |
| সই কেমনে দেখাব মুখ ... | ... | ... | ৭৯ |
| সই পিরিতি পিয়া সে জানে | ... | ... | ৪৭ |
| সকল কলাগুরু রসিক শিরোমণি | ... | ... | ৩৫৭ |
| সকালে অমনি বৃন্দা ঠাকুরাণী | ... | ... | ২৯ |
| সকালে সিনানে চলিলা গোরী | ... | ... | ৭ |
| সখিগণ কহে শুন নাগর কান | ... | ... | ৩১৫ |
| সখিগণ তখন বোধি কুলকামিনী | ... | ... | ২৮৯ |
| সখি সঙ্গে করি বেসের মন্দিরে | ... | ... | ১৬ |
| সখিহে—তোহে হামারি বহু সেবা | ... | ... | ৫২ |
| সখীগণ আগমন দেখি হরিষ মন | ... | ... | ২৭০ |
| সখীগণ মিলি লইয়া মুরলি | ... | ... | ১৮৮ |
| সখী মরম কহিএ তোরে | ... | ... | ৩৬১ |
| সখী সাথে চলে পথে রাই বিনোদিনী | ... | ... | ১৫৭ |
| সজনি না বুঝই এ মঝু ভাগ | ... | ... | ৩০ |
| সজনী কি কহব কৌতুক ওর | ... | ... | ৪৯ |
| সতী কুলবতী সকল যুবতী | ... | ... | ২৩৪ |
| সনকাদি মুনিগণে চাহি বুলে বেদগণে | ... | ... | ৩৫১ |
| সব ধেনুগণ লৈয়া গোপগণে নিয়োজিয়া ... | | ... | ৩১৬ |

| প্রথম পংক্তি | | | পৃষ্ঠা সংখ্যা |
|---|---|---|---|
| [illegible]ভারে সকল কাজে নিয়োজিয়া | ... | ... | ১১৩ |
| [illegible]য় জানিয়া তুরিত হইয়া | ... | ... | ২৪৭ |
| সমুখে সঙ্কেত জানি তুরিতে চলিলা রাণি | | ... | ১৪২ |
| সহচর সঙ্গে গৌর নট-রাজ | ... | ... | ৩১৯ |
| সহচরি অনুচরি করি অনুমান | ... | ... | ২৭২ |
| সাম পানে চাহিয়া কি কৈলাম | ... | ... | ৫ |
| সুগন্ধি ওদন বিবিধ ব্যঞ্জন | ... | ... | ১২৭ |
| সুখময় বৃন্দাবনে সুখময় শ্যাম | ... | ... | ২৯৬ |
| সুন্দর সুন্দর গৌরাঙ্গসুন্দর | ... | ... | ৩২৭ |
| সুন্দরি, বেকত গোপত লেহা | ... | ... | ৫৩ |
| সুরধুনী তীরে ধীরে চলু নাগর | ... | ... | ৩৩৪ |
| সেই পিয়াগুণ কহন না জায় | ... | ... | ৫১ |
| সে কাল গেল বৈয়া বন্ধু | ... | ... | ৮০ |
| সেবয়ে সেবকগণ আনন্দে আকুল মন | ... | ... | ২৫৬ |
| সে যে ব্রজেশ্বরী না জানে চাতুরী | ... | ... | ১০১ |


## হ


| | | | |
|---|---|---|---|
| হরষি ভরসি হরি ধরি ধনি বুকে | ... | ... | ২২৫ |
| হরি উরুপরে সুতলি বালা | ... | ... | ৪৪ |
| হরি কোরে হরিণি সোঁপি সব রঙ্গিণী | ... | ... | ২৯২ |
| হরিণ নয়নি ধনি চকিত-নেহারিণি | ... | ... | ২৩৮ |
| হাটের পত্তন শ্রীশচী-নন্দন | ... | ... | ৩৫৩ |
| হাম অবলা সখি কিয়ে গুণ জান | ... | ... | ১০৯ |
| হামে দরশাইতে কতহুঁ বেশ করু | ... | ... | ৫৬ |
| হাসি হঠিল হরি ধনি করি কোর | ... | ... | ২২৩ |
| হিম-কর-কিরণ হিম অনিবার | ... | ... | ২৬ |

| প্রথম পংক্তি | | পৃষ্ঠা সংখ্যা |
|---|---|---|
| হিয়ায় আগুনি ভরা আঁখে বহে বহু ধারা | ... | ১৪৫ |
| হেদে আর কথা শুনহ ঝি ... | ... | ২৬১ |
| হেদে হে নিলজ্ঞ কানাই না কর এতেক চাতুরালী | ... | ৬৩ |
| হেম-জ্যোতি বেঢ়ি তথি তমালের গায় ... | ... | ১৭৫ |
| হ্লাদিনী মাহা শ্যাম তড়িত সম দেহা ... | ... | ৩২৮ |

# রায়শেখরের পদাবলী

## শ্রীকৃষ্ণের বাল্যলীলা

[ ১ ]

জশোমতি ভোরে কোরে করি লালন
অম্বরে মুছায় মুখ ইন্দু।
হেরি যুধানন মনহি হরসিত
উথলে প্রেম যুথ সিন্ধু॥
জশোমতি বোলত ভাষ।
এ বিধু বদনে মা বোল বোলইতে
যুনইতে শ্রবণ উল্লাস॥
এ হর গৌরি চরণ স্বরণ করি
কত সত জনম না জান।
কোটীহি কল্প সলপ করি মানিনু
সসাগরা রেণু পরমান॥
দেবহি রুষ্ট তুষ্ট জব হোওল
তব তনয় পাইনু কোর।
অবদুখ দূরে পূরহি মনরথ
কহতহি রায়শেখর॥

---

[১] বি ৩, পদ ১, পৃ ৪।

[ ২ ]

আধ ২ বালক সত বোল বোলত
জননি বদন তহি চাই।
মাখন ক্ষির স্বর উদর পুরী দেহ
নবনিত খাই তথাই ॥

এ ক্ষির মাখন স্বর দিল নন্দরানি।
কিবা সে ভোজন করে গোলকের মনি ॥
ভোজন করিয়া পুন উদরে ধরি কর।
কেমন মাখন দিলা মাগো না পূরে উদর ॥
মা বোল বলএ তোমায় এ মিছা বচন।
নবনি ভোজন তোমার নিজ পৃয় জন ॥

মা বোল বলি ২ তুলি বাহু ফিরত
ভাবে ভর গদ ভেবে ধন্দ।
রায় সেখরে ভনে জানল তৈছনে
জসমতি তবহি আনন্দ ॥

---

[ ৩ ]

পুন রানি গৃহেতে করিল গমন।
প্রচুর করি আনি দিল এ খির মাখন ॥

প্রচুর খির স্বর দেখাইতে জাদুবর
জননি বদন তহি চায়।
ভোজন করি পুন শুন্নহি উদর
করে ধরি মায়েরে দেখায় ॥

---

[২] বি ৩, পদ ২, পৃ ৪। [৩] বি ৩, পদ ৩, পৃ ৪।

লালন বানি শুনে          জশদা বদনে
অঙ্গুলি দিএ মুখ চায়।
মাখন খির স্বর          নাহি আর প্রহরায়
বল লাল কি হবো তোহায়॥
জননিক বোলত          লালন আসি
দামে হাম তোহারি।
মাখন কারণ          কাহা ২ জায়ব
একি আভাক্ষি তোহারি॥
এ ব্রজ নগর          ঘর ২ ফিরি
কাহা মাখন নাহি পাই।
মাখন কারণ          লালত রোয়ত
তোরহি ধরনি লোটাই॥
শুনইতে ঐছন ভাস।
কোইক সাত          বাত কাহে না ভেজই
কহতহি সেখর দাস॥

---

## বয়ঃসন্ধি

### দূতীর উক্তি

[ ৪ ]

পঠমঞ্জরী

শৈশব যৌবন দরশন ভেল।
দুহুঁ পথ হেরইতে মনসিজ গেল॥

---

[ ৪ ] প-র-সা পদ ৯১ ; প-র পদ ৭।৫ ; পদ পদ ১০৬, পৃ ৭৮, ১ম খণ্ড ; বিদ্যা পদ ৫, পৃ ৪ ; কী পদ ৫, পৃ ১৩৯ ; স পদ ১, পৃ ৫০৩।

মদন কিতাব[১] পহিল পরচার।
তিনজনে দেয়ল[২] তিন অধিকার॥
কটিকে[৩] গৌরব পাওল নিতম্ব।
ইন্‌কে[৪] ক্ষীণ[৫] উনহি[৬] অবলম্ব॥
প্রকট হাস[৭] অব[৮] গোপত ভেল।
উরজ[৯] প্রকট[১০] ফের[১১] উন্‌হুকে[১২] নেল॥
চরণ-চপল[১৩] গতি লোচন পাব[১৪]।
লোচনক ধৈরজ পদতলে যাব[১৫]॥
নব কবিশেখর কি কহিতে[১৬] পার।
তিন[১৭] তিন[১৮] রাজ[১৯] ভীন[২০] ব্যবহার[২১]॥

---

১ মদন কি তার—স, ক, গ; মদনক ভাব—বিদ্যা; মদন কি ভাব—প-র; মদন কি রাজ—প-র-সা; মদন-কিতাব—পদ, খ, চ; মদন-কিতাবত—ঘ।

২ দেল—বিদ্যা। ৩ কোটিকে—কী; কটিক—বিদ্যা।

৪ ইন্‌হকে—স; ইহ্লিকে—খ; ইহু—ঘ, চ; উন্‌কে—প-র-সা; ইন্‌কে—পদ, ক, গ, প-র; একক—বিদ্যা। ৫ ছিল—কী।

৬ অওকে—বিদ্যা; উর্দ্ধই—স; উঙ্গ ই—ক; উহ্নকে—খ; উন্থহি—ঘ, চ; হিয়ে—প-র-সা। ৭-৮ অব—কী।

৯ বরণ—পদ; রক্কক—কী; বক্কক—প-র।

১০ প্রটক—কী। ১১ অব—বিদ্যা।

১২ তহিক—বিদ্যা; উন—কী; উর্দ্ধকে—স।

১৩ চঞ্চল—স; চপল—প-র-সা, প-র, কী, বিদ্যা; চলন—পদ।

১৪ যাব—প-র, কী। ১৫ পাব—প-র, কী।

১৬ কহইত—বিদ্যা; করব—প-র-সা।

১৭-১৮ তিনু তিনু—প-র-সা।

১৯-২০ তুঁহু রাজ—প-র-সা।

২১ বেহার—প-র-সা; ব্যবহার—স; অধিকার—কী।

# শ্রীরাধার পূর্ব্বরাগ

[ ৫ ]

কালা কলেবর মনি ঝলমল
তাহে সে আনহি চাঁদ।
চূড়ার উপরে শিখীপুচ্ছ পরে
ঐ সে মনের ফান্দ ॥
সখি! তোমরা কে ঘরে যাইবে যাও।
মুই সে মরম কই।
নয়নে নয়নে ক্ষেণেক অন্তরে
মুই সে জীবার নই ॥
এ রূপ যৌবন এ রূপ লাবন্য
এ নব নাগরী পনা।
এ সব সকল তবে সে সফল
যদি ভেটে কালা সোনা ॥
লাজ ভয় লাগি কোন সে অভাগী
ছাড়িবে সে গুননিধি।
কবি শেখরে কয় জানিহ নিশ্চয়
তোরে সে সফল বিধি ॥

## সাক্ষাৎ দর্শন

[ ৬ ]

সাম পানে চাহিয়া কি কৈলাম।
দিবস রজনি আন নাহি জানি
ভাবিতে ২ মৈলাম ॥

---

[ ৫ ] এই পদটী শ্রীযুক্ত হরেকৃষ্ণ মুখোপাধ্যায় সাহিত্যরত্ন মহাশয়ের সৌজন্যে প্রাপ্ত।

[ ৬ ] বি ৩, শেষ পদ, পৃ ৫১।

দাঁড়ায়ে তরুর মুলে আকুল করিল মোরে
ইসদ বঙ্কিম দিঠে চাহিঞে।
ঘরেতে না রয় মন জায় জাতি কুলধন
চিকন সামের বালাই লইঞে॥
সে বড় নাগর গুনের সাগর
নাগর কালিয়ে শোনা।
নয়ন ইঙ্গিতে বচন ভঙ্গিতে
ভাঙ্গল ধৈরজ পনা॥
ক্ষেনে ২ মন করে উচাটন
বিসম সামের বেড়া।
কী জানি কী ক্ষনে চাহিলাম তা পানে
ছাড়িলে না জায় ছাড়া॥
কী আর ধরমে যে ছিল করমে
তোরে সে মরম কোই।
রায় সেখরে বচন ভরসা
তেঞি সে এতেক সোই॥

---

## শ্রীরাধার জাগর্য্যাদশা

### দূতীর উক্তি

[ ৭ ]

তিরোতা

তুহুঁ মনমোহন কি কহব তোয়।
মুগধিনী[১] রমণী তোহারি[২] লাগি রোয়॥

---

[ ৭ ] পদ পদ ১৬০, পৃ ১১১, ১ম খণ্ড বিদ্যা পদ ১০৮, পৃ ৬৯ ; বি ৩, পদ ২৮৯৫, পৃ ৪২২ ; স পদ ২, পৃ ৫০৩। ১ মুগুধিনি—বিদ্যা। ২ তুয়—বিদ্যা।

নিশি দিশি জাগি জপয়ে[১] তুয়া[২] নাম।
থরহরি[৩] কাঁপি পড়য়ে[৪] সোই ঠাম॥
যামিনী আধ অধিক যব হোয়।
বিগলিত-লাজে[৫] উঠয়ে[৬] তব রোয়॥
সখিগণ যত পরবোধয়ে[৭] তায়।
তাপিনী তাহে[৮] ততহি নাহি[৯] ভায়॥
ইহ[১০] কবি শেখর তাক উপায়।
রচইতে তবহি রজনী বহি যায়॥

---

## শ্রীকৃষ্ণের পূর্ব্বরাগ

[৮]

ভাটিয়ারি

সকালে সিনানে চলিলা গোরী[১১]।
সখিগণ সঙ্গে আনন্দে[১২] ভোরি॥
সুগন্ধি তৈল হলদি লইয়া।
কোন[১৩] সখি আগে চলিল ধাইয়া॥
কেহত[১৪] বসন ভূষণ নিলা।
রাইরে[১৫] বেড়িয়া[১৬] সভে চলিলা॥

---

১ জপয়—বিস্তা। ২ তুয়—বিস্তা। ৩ থরহর—বিস্তা।
৪ পড়য়—বিস্তা। ৫ লাজ—বিস্তা। ৬ উঠয়—বিস্তা।
৭ পরবোধয়—বিস্তা। ৮ তাপে—খ, গ, বিস্তা, তাতে—স, ক।
৯ নহি—বিস্তা। ১০ কহ—বিস্তা।

— [৮] পদ পদ ২৬২, পৃ ১৭৪, ১ম খণ্ড; স পদ ৮, পৃ ৪০৫; সা ১, পৃ ২; সা ২, পৃ ৩।

১১ গোরি—সা ১, ২। ১২ আনন্দ—ক। ১৩ কোনো—সা ১, ২।
১৪ কেহোত—সা ১, ২। ১৫ রাইয়েরে—স। ১৬ বেড়িয়া—পদ।

দুয় সঞে হেরি নাগর-রাজ।
তুরিতে আওল ধেনু-সমাজ॥
রাইরূপ হেরি বিভোর হইয়া।
দোহনের[১] ছান্দ[২] পড়ে আউলাঞা[৩]॥
কহয়ে শেখর রসিক রাজ।
ভুলল গোধন-দোহন কাজ॥

---

## গোষ্ঠ

### বাৎসল্য

[ ৯ ]

ভাসি প্রেম জলে নন্দ জায়া বলে
জে কথা বলিলে মোরে।
হরের ঘরনি গণেষ জননি
তিনি আসি রক্ষা করে॥
তারে সেবি কোলে পেয়েছি কমলে
তবে আর ভয় কি।
নে রে রাম ধর বাঢ়াইয়া কর
গোপালে সোপিঞে দি॥
রাম করে ধরি জশোদা সুন্দরি
সোপিছে জাদব রায়।
নয়নের জল করে ছল ২
বসন তিতিয়ে জায়॥

---

১ দোহনির—চ। ২ ছাঁদ—স।
৩ এল্যাইয়া—খ, ঘ ; আলুলাইয়া—চ ; আওলাইয়া—সা ১, ২।
৯] বি ৩, পৃ ১৩।

রাম করে হরি সমর্পণ করি
জশোদা মুরছা হইল।
কহিছে সেখর হইয়ে কাতর
কেমনে জাইবে বল॥

---

[ ১০ ]

কল্যাণী

বলরামের কর লৈয়া, গোপালেরে সমর্পিয়া,
পুন পুন বলে নন্দরাণী।
এই নিবেদন তোরে, না যাবে কালিন্দী তীরে,
সাবধান মোর নীলমণি॥
রামেরে লইয়া কোরে, সিঞ্চয়ে আঁখির নীরে,
পুন পুন চুম্বে মুখখানি।
সবার অগ্রজ তুমি, তোরে কি শিখাব আমি,
বাপ মোর যাইয়ে নিছনি॥
বলাই রাণীর পায়, পুন পরণাম করে,
পুন পুন রাণী কোলে করে।
যাইতে না পারে বনে, বান্ধিল রাণীর প্রেমে,
কহে রাম গদগদ স্বরে॥
কিছু ভয় নাহি মনে, ঘর যাই তুই জনে,
সকালে খাইবা অন্নপানে।
সংবাদ পাইলে তবে, আমরা খাইব সবে,
শেখর কহয়ে সাবধানে॥

---

[ ১০ ] স পদ ৯৯, পৃ ৫৪০।

[ ১১ ]

ভাটিয়ারী

ডাকিনী যোগিনী ভয় ধড়ে প্রাণ নাহি রয়
বাদিয়া সাধিয়া আনে মায় ।
"অক্ষয়-বিজয়-তনু হয় যেন রাম কানু
এমতি ঝাড়িয়া দেহ গায় ॥"
বাদিয়া-সাধন বড়ি ঝাড়ে রক্ষামন্ত্র পড়ি
রাম দামোদর দেখি হাসে ।
দণ্ডবত করি করি যায় রাম বেরি বেরি
যশোদা রোহিনী যাই পাশে ॥
রহিয়া রহিয়া যায় ফিরিয়া ফিরিয়া চায়
জননী প্রবোধে বারে বারে ।
শেখর শুনহ বোল কি লাগি করহ রোল
মায়েরে লইয়া যাও ঘরে ॥

---

সখ্য

[ ১২ ]

তুড়ী—তাল খেমটা

আওয়ে ছিদামচন্দ্র
রঙ্গিয়া পাগুড়ি মাথে ।
একে অর্জ্জুন অংশুমান
দাম বসুদাম সাথে ॥

---

[ ১১ ] অ পদ ২৩৬, পৃ ৭২ ; প-রু-সা ।
[ ১২ ] অ পদ ২৫৩, পৃ ৭৯ ; প-র-সা ।

কটি কাছনি রঙ্গিম ধটি
বেণুবর বাম কাখে।
জিতি কুঞ্জর গতি মন্থর
ভায়া ভায়া বলি ডাকে॥

গলে লম্বিত গুঞ্জাবলি
ভুজে অঙ্গদ বালা।
গো ছান্দন ডুরি কন্দল
কাণে কুণ্ডল-খেলা॥
স্ফুট চম্পক- দল-নিন্দিত
উজ্জ্বল তনু-শোভা।
পদ পঙ্কজে নূপুর বাজে
শেখর-মন-লোভা॥

---

## মাধুর্য্য

### জটিলার গৃহে মিলন

[ ১৩ ]

গান্ধার

বিপিন গমন দেখি হৈয়া সকরুণ আঁখি
অবশ হইল প্রেম-ভোরে।
লাজে কিছু নাহি কয় বদন ঝাঁপিয়া রয়
কাঁপে রাই মদনের ভরে॥

---

[ ১৩ ] বাঁকুড়ার পুঁথি ; অ পদ ২৩৭, পৃ ১৩।

কি হৈল কি হৈল বোলে বিশাখা করিল কোলে
শুনিয়া জটিলা আইল ধায়্যা।
অকস্মাৎ একি জ্বর অঙ্গ কাঁপে থর থর
শুন আগো আহীরের মায়্যা॥
বধূ মোর রাজার ঝি উপায় করিব কি
কেহ কিছু জান কহ মোরে।
বিশাখা বলিল মাই হলধরের ছোট ভাই
মন্ত্র জানে কয়্যা দিলাম তোরে॥
শুনিয়া জটিলা ধায় ধরিল কানুর পায়
ওহে কানু বধূ দেহ দান।
তোমার পায়ের লাল বাধা আমার বধূ নাম রাধা
এই তোমায় কহি বিবরণ॥
শুনিয়া রাধার নাম আপনি চলিলা শ্যাম
মন্ত্র পড়ি অঙ্গে দিলা হাত।
পরশে রসের অঙ্গ কামজ্বর হইল ভঙ্গ
রায় শেখর করে প্রণিপাত॥

---

[ ১৪ ]

রাই অঙ্গে হাত দিয়া নটবর রায়।
ঘুচিল বিরহ দুখ হাঁসি মুখ চায়॥
দোঁহু দোঁহার দরসনে আনন্দ হইল।
জটিলা আসিয়া কিছু কহিতে লাগিল॥
জটিলা বলেন শুন নন্দের নন্দন;
তোমার গুনে বধূ পাইল চেতন॥

---

[ ১৪ ] বি ৩, পদ ৪, পৃ ১২।

এত শুনি গোবিন্দ বলেন জটিলারে।
নন্দ ঘরে থাকী আমি গোকুল নগরে॥
জখন তোমার বধুর এমতি হইব।
তখনি বলিহ মোরে ভাল করি জাব॥
এত বলি বনমালি জায় চলি গোঠে।
রায় সেখরের মনে হৈ ২ উঠে॥

---

## উত্তর গোষ্ঠ

### রাধাকৃষ্ণের মিলন

[ ১৫ ]

য়োই বেসে আসো[১] মোর ঘরে।
য়ে[২] পথে আসিবে তুমি দাঁড়ায়্যা রয়্যাছি[৩] আমি[৪]
তোমা বন্ধু লৈঞা জাবার তরে॥
রবি জখন[৫] বৈসে পাটে মুঞি গেলাম জমুনা ঘাটে
নেহারিয়া[৬] চাহি চারি পানে।
আহির বালক জত তারা[৭] আইল যুথে জুথ[৮]
আজি তুমি সভার পাছে কেনে[৯]॥
দুর গহন বনে চঞ্চল ধবলি শনে
চাঁন্দ মুখ গেছে শুখাইয়া।
হের আইস মুছাই মুখ ঘুচুক হে[১০] মনের দুখ
জাকু জাতি তোমার বালাই লৈয়া[১১]॥

---

[১৫] মৃ॰ য় পদ ১০৪; মৃ॰ ঝ পদ ৩; বি ৩, পদ ৮, পৃ ৪০।

১ আইস—মৃ॰ ঝ। ২ জে—মৃ॰ য়। ৩ রঞাছি—মৃ॰ য়।
৪ য়ামি—মৃ॰ য়। ৫ কর—মৃ॰ ঝ। ৬ আ—মৃ॰ ঝ।
৭ শভে—মৃ॰ য়। ৮ যুথ—মৃ॰ য়। ৯ কেন—মৃ॰ য়।
১০ হে—পাঠ মৃ॰ য় পুথিতে নাই। ১১ লেয়্যা—মৃ॰ ঝ।

আমার হৃদয় মাঝে বিচিত্র পালঙ্ক আছে
আসে পাসে রসের বালিস।
তাহাতে সুতিবে তুমি চরণ সেবিব আমি
দুরে যাবে মনের আলিস॥
য়েখন আমি জাই ঘরে মা মোরে আরতি[১] করে
না দেখিলে মা পাছে মরে।
রায় শেখরে কয় জাইতে উচিত হয়
কলঙ্ক রহিবে ব্রজপুরে॥ *

---

১ আদর—মৃ° র।

* এই পদটী বি ৩ পুথিতে নিম্নোক্ত ভাবে দৃষ্ট হয়:—

'প্রাণবন্ধু ঐনা বেসে
এস আমার ঘরে।
তুয়াপথ নিরখিয়ে আছি আমি দাঁড়াইয়ে
তোমারে লইয়ে যাবার তরে॥
যখন গোঠেরে গেলা আমা পানে না চাহিলা
ঘর গেলাম বিসাদ হইঞে।
এস বন্ধু মুছি মুখ দুরে যাউক যতই দুখ
জাউক জাতি তোমার বালাই লঞে॥
রবিকর বৈসে পাটে মু এলেম জমুনার ঘাটে
দাঁড়াইয়ে চাহি চারি পানে।
ব্রজের বালক যত ঘরে গেল কত শত
আজি তুমি সভার পাছু কেনে॥
পুষ্প সয্যা বিছাইয়ে কর্পুর তাম্বুল লয়ে
আইলাম আমি তোমারে লইতে।
রায় সেখরে কয় জে ধনি আপনা হয়
তার মন উচিত রাখিতে॥'

## গোপীগোষ্ঠ

[ ১৬ ]

অট্টালিকা উপরি বসিয়া কীশোরি
ভাবয়ে সে রূপখানি।
শ্রীদাম সুদাম শ্যাম বলরাম
করয়ে বেনুর ধনি॥
সুনি বেনুরব চমকিত সব
হইল আহির বালা।
শ্বাষ নাহি রহে প্রাণ নাহি দেহে
বাড়িল বিরহ জ্বালা॥
হেন কালে তথা আইল ললিতা
বিশাখা করিয়া সঙ্গে।
দেখে কমলিনি পড়িয়ে ধরনি
ধুলায় লোটায় অঙ্গে॥
ত্বরান্বিত হয়ে রাধারে তুলিয়ে
ললিতা লইল কোলে।
কহ কমলিনি পাগলিনি হেন
কেন পড়ে ধরাতলে॥
লইয়া বৎস্য গাই মোরা চল জাই
ধরিয়া রাখাল বেসে।
সুনিয়া বচন আনন্দিত মন
কহয়ে সেখর দাসে॥

---

[ ১৬ ] বি ৩, পদ ২৩৮, পৃ ১৯।

[ ১৭ ]

সখি সঙ্গে করি বেসের মন্দিরে
বসিল আনন্দ চিতে।
তেজি নিল সাড়ি পিত ধড়া পরি
চুড়াটী বান্ধিল মাথে॥
কেহ হয় দাম শ্রীদাম সুদাম
সুবলাদি পৃয় সখা।
চল বৃন্দাবনে নটবর সনে
জাইয়া করিব দেখা॥
ললিতা সুন্দরি জানয়ে চাতুরি
বলাই সাজিবে ভাল।
বিশাখারে ভাল সাজিবে সুবল
এই সে উপায় কর॥
কহে ইন্দুরেখি সুন বিধুমুখি
তোমারে সাজাব হরি।
রায় সেখরে সখিগণ মিলে
এই সে উপায় করি॥

---

[ ১৮ ]

ললিতা কেমনে উপায় করি।
শ্রীদাম সুদাম আর বলরাম
সঙ্গে লয়ে গেল হরি॥ ধ্রু॥

---

[১৭] বি ৩, পদ ৩, পৃ ১৯।
[১৮] বি ৩, পদ ২, পৃ ১৯।

প্রাণনাথ গেল মোরা জাই চল
আন গুঞ্জ গাভা।
ললিতা বিসাখা আর ইন্দুরেখা
সাজিয়া করহ শোভা॥
ললিতা যুন্দরি জানয়ে চাতুরি
বলাই সাজিবে ভাল।
বিশাখারে ভাল সাজিবে যুভল
এই সে উপায় কর॥
তুঙ্গবিদ্যা আসি হাসি কাছে বসি
কহে জোড় কর করি।
যুন প্রাণেশ্বরি বচন হামরি
তোমারে সাজাব হরি॥
এতেক বচন যুনিয়া তখন
কমলিনি ধনি রাই।
সেখর আসিয়ে কহয়ে হাঁসিয়ে
গুঞ্জাগাভা কোথা পাই॥

---

[ ১৯ ]

আর একই লেখা তোমার বন্ধুর সখা
ছুই চারি সখা তার আছে।
কহি পুন তার কথা পাছে হেট কর মাথা
ননি চুরি কর ব্রজ মাঝে॥

---

[ ১৯ ] বি ৩, পদ ২৪৫, পৃ ১৯।

এই ব্রজের গোপ নারি দধির পসরা করি
মথুরার বিকে জায় তারা।
পথ আগুলিয়া রহ দধি দুগ্ধ কাড়ি খাহ
একি তোমার আচম্বিত ধারা॥
নারিগণ স্নান করে বসন রাখিয়া তিরে
তাহা চুরি কর কী লাগিয়া।
বাজায়ে মোহন বাঁসি কুল বধূ কর দাসি
আপনা আপনি বড় হইয়া॥
খাওয়াও পরের খন্দ এখনি করিব বন্দ
লয়ে জাব কংসের গোচর।
সেখর কহয়ে হরি বান্ধিলে বান্ধিতে পারি
তোমায় নাহিক কিছু ডর॥

---

## বংশীধ্বনি

[ ২০ ]

শ্রীরাগ

পরম মধুর মৃদু মুরলি বোলায়ত
অধর সুধাধরে ধরিয়া।
ধ্বনি শুনি ধরণি ধরল[১] কুল-কামিনি
চোঙক পড়ল জগ ভরিয়া॥
নীপ নিকটে নব রঙিয়া।
পদের উপরে পদ তরুমূলে শ্যামচাঁদ
লীলা-ললিত তিরি ভঙ্গিয়া[২]॥ ধ্রু॥

---

[২০] প-র-সা পদ ১৪৮; পক পদ ১০৬৪, পৃ ২২৯, ২য় খণ্ড; বি ৩, পদ ৭৪৫, পৃ ৭০; স পদ ৩৮, পৃ ৫১৪।

১ ধয়ল—ক। ২ 'ত্রিভঙ্গিয়া' স ন, প ম, প-র-সা।

পঞ্চানন চতু- রানন নারদ
ধ্বনি[1] শুনি সুরপতি ধন্দে।
ফল ফুলে[2] মগন সকল বৃন্দাবন
তরু সঞে ঝরে মকরন্দে॥
শুনিয়া বংশীর গান[3] মুনিজন ভুলে ধ্যান
যোগীন্দ্র মুনীন্দ্র মুরুছায়।
রায় শেখর বোলে বাঁশী শুনি[4] কে না ভুলে
কুলবতী কি বাঁচিবে[5] তায়॥

---

[ ২১ ]

শ্রীরাগ

খেলা-রসে ছিলা কানাই শ্রীদামের[6] সনে।
হেনকালে রাধারে পড়িয়া গেল মনে॥
আপনার ধেনু সব[7] সঙ্গিগণে দিয়া।
রাধা বলি বাজায় বাঁশী ত্রিভঙ্গ হইয়া॥
রাধা বলি কানাই পূরিল মোহন বাঁশী।
শ্রীরাধিকার কাণে তাহা প্রবেশিল আসি।

---

১ ধনি—ঘ, চ। ২ ফুল ফলে—খ।

৩ তান—ঘ।

৪ 'বাঁশী শুনি' স্থলে 'ধ্বনি শুনি'—প-র-সা; 'বাঁশী শুনে'—স।

৫ 'কি বাঁচিবে' স্থলে 'বাঁচিবে কি'—স।

[২১] প-র-সা পদ ১৮৬৪; পদ পদ ১৩৫৪, পৃ ৩৫১, ২য় খণ্ড; বি ৩, পদ ২৮৫, পৃ ২৪; স পদ ৪০, পৃ ৫১৫।

৬ সুবলের—প-র-সা, খ। ৭ বচ্ছ—প-র-সা।

শুনি ধ্বনি সুবদনী অথির হইয়া ।
বন্ধুরে আপনা দিয়া মিলিব[১] যাইয়া[২] ॥
রায়শেখর কহে এই কথা[৩] বটে ।
চল সভে[৪] যাই আমরা যমুনার তটে[৫] ॥

---

## রূপোল্লাস

[ ২২ ]

বরাড়ী

মনোহর কেশ বেশ মনোহর
মনোহর মালতি-মাল ।
মনোহর মণি- কুণ্ডল ঝলমল
মনোহর তিলক রসাল ॥
দেখ সখি বায়ে মোহন-রায় ।
মনোহর অধরে মনোহর মুরলী
মনোহর তান বোলায় ॥ ধ্রু ॥
মনোহর সকলহি অঙ্গ মনোহর
মনোহর চন্দন সাজ ।
মনোহর কটি-তট মনোহর পিত-পট
মনোহর রসনা বাজ ॥

---

১ মিলব—ঘ, চ ; মিলিল—স ।
২ এই পংক্তি স্থলে 'প-র-সা' পুথির পাঠ—'বন্ধুরে ভেটিব যায়া আপনাকে দিয়া ।'
৩ একথাটি—প-র-সা । ৪ সবে—স ।
৫ এই স্থলে 'প-র-সা' পুথির পাঠ—'চলো আমরা যাই সভে কালিন্দীর তটে ।'
[ ২২ ] অ পদ ২৩৫, পৃ ১২ ; বি ৩, পদ ৪৪১, পৃ ৪৩ ।

মনোহর চলনী মনোহর বোলনী
মনোহর নূপুর পায়।
মনোহর পহুঁ বাঁর সবহি মনোহর
কহ কবি শেখর রায়॥

---

[ ২৩ ]

তথা রাগ

রাধা মাধব সুমধুর কেলি।
দুহুঁ রূপে দুহুঁ জন[১] নিমগণ ভেলি॥
উলসিত বিনোদ[২] নাগর-বর কান।
কহই অমিয়া-[৩] বাণি হসিত বয়ান॥
সুন্দরি কি কহব তোহারি[৪] বাখান[৫]।
অলপে জিতল[৬] তুহুঁ ইহ পাঁচবাণ॥
ভুরুয়া[৭] কামান নয়ানকোণে এক।
আর[৮] এক ইষত হাস পরতেক॥
করহি সুকুসুম[৯] তাহে[১০] এক হোয়[১১]।
কুঞ্চিত কেশ দরশে এক সোয়[১২]॥
অঙ্গহি অঙ্গ কিরণ কত ভেল।
হেরি পরাভব হোই[১৩] চলি গেল॥

---

[২৩] পদ পদ ১০৫৮, পৃ ২২৬, ২য় খণ্ড; বিত্তা পদ ৫৪৬, পৃ ৩৩৪; স পদ ৩৬, পৃ ৫১৪; সা ১, পৃ ৩৫; সা ২, পৃ ৩৫।

১ গণ—ঘ। ২ বিনদ—পদ। ৩ অমিয়—বিত্তা।
৪ তোহরি—বিত্তা। ৫ বথান—বিত্তা। ৬ জিতলি—সা ১, ২, স।
৭ ভুরুয়া—র, ক; গরুঅ—বিত্তা। ৮ অরু—বিত্তা।
৯ কুসুম—খ। ১০ তাহি—বিত্তা; হাতে—স।
১১ হোই—বিত্তা। ১২ সোই—বিত্তা।
১৩ ।ইই—সা ১, ২; ভই—পদ, বিত্তা।

কহ কবিশেখর কি কহব কান।
লাখ বয়ানে নহত[1] পরিমাণ[2] ॥

---

## সখী-শিক্ষা

[ ২৪ ]

কেদার

শুন সুন্দরি বচন বিশেষ।
আজু হাম তোহে করব উপদেস ॥
আধ নেহারবি বঙ্কিম গিম।
পহিলহি ভেটবি সয়নক সিম ॥
হরি পরিরম্ভনে মোড়বি অঙ্গ।
হাঁ হুঁ না বোলবি প্রেম তরঙ্গ ॥
কহে কবি সেখর সুন বরনারি।
জে কীছু না জানু সিখাব মুরারি ॥

---

[ ২৫ ]

ভূপালী

শুন শুন[3] বিনোদিনি রাই।
তোহে পুন[4] কহিয়ে[5] বুঝাই।

---

১ নহি হোত—বিদ্যা। ২ পরিণাম—ক, খ, চ।

[ ২৪ ] বি ৩, পদ ৩, পৃ ৭৩।

[ ২৫ ] প-র-সা পদ ১৩৯৫ ; পদ পদ ৯০৪, পৃ ১৬০, ২য় খণ্ড ; বিদ্যা পদ ১২৮, পৃ ৮১ ; স পদ ২৮, পৃ ৫১১ ; সা ১, পৃ ৬ ; সা ২, পৃ ৮।

৩ শুনু শুনু—বিদ্যা ; সুন সুন—সা ১, ২। ৪ পুনু—বিদ্যা।

৫ কহওঁ—বিদ্যা।

কান্থক ভাব যব[১] হোই।
হিয় মাহা[২] রাখবি[৩] গোই॥*
কোই জন্থ[৪] কখই[৫] না পার।
বেকত করবি কুলাচার[৬]॥
কান্থ উয়ব হিয় মাহা[৭]।
আন ছলে বিছুরবি[৮] তাহা[৯]॥
গুরু দুরুজন[১০] তুয়া[১১] পাপ।
দেখিলে[১২] দেওব[১৩] বহু তাপ॥
ধীর করবি সদা চীত।
ঐছন[১৪] কুলবতি-রীত॥
পুন জনি[১৫] ভাবহ আন।
ইহ কবিশেখর ভাণ॥

---

১ জোঁ—বিত্তা, জব—সা ১, ২। ২ মাহ—বিত্তা।
৩ রাখব—বিত্তা।
* প-র-সা পুথিতে এই স্থলে 'ইত্যাদি' শব্দ দ্বারা পদটী শেষ করা হইয়াছে।
৪ কোন জন—স, কহো জন্থ—বিত্তা, কোই জন—ক।
৫ লখইতে—বিত্তা। ৬ কুলচা—বিত্তা।
৭ মাহ—বিত্তা ; সা ১, ২। ৮ বিসরবি—বিত্তা।
৯ তাহ—বিত্তা ; সা ১, ২।
১০ 'গুরু দুরুজন' স্থলে 'গুরুজন জনি'—স, ক, খ।
১১ তুয়—বিত্তা।
১২ দেখলে—বিত্তা। ১৩ দেয়—স।
১৪ যৈসন সে—বিত্তা, ঐছন—সা ১ ২।
১৫ পুনু জন্থ—বিত্তা।

# অভিসার

## অভিসারোৎকণ্ঠা

[ ২৬ ]

তিরোথা ধানশী

ঝর ঝর বরিখে[১] সঘনে[২] জলধারা[৩]।
দশদিশ সবহুঁ ভেল আন্ধিয়ারা[৪] ॥
এ সখি কীয়ে করব পরকার।
অব জনি বাধয়ে হরি-অভিসার ॥ ধ্রু ॥

অন্তরে শ্যাম-চান্দ[৫] পরকাশ।
মনহি মনোভব[৬] লেই[৭] নিজপাশ ॥
কৈছনে[৮] সঙ্কেতে বঞ্চয়ে[৯] কান।
সোঙরিতে[১০] জর জর অথির পরাণ ॥
ঝলকই দামিনি দহন সমান।
ঝন ঝন[১১] শবদ[১২] কুলিশ ঝন ঝান ॥
ঘরমাহা[১৩] রহইতে[১৪] রহই না[১৫] পার।
কি করব এসব[১৬] বিঘিনি বিথার ॥

---

[ ২৬ ] প-র-সা পদ ১৪৩৩ ; পদ পদ ৯৮৫, পৃ ১৯২, ২য় খণ্ড ; স পদ ৩৪, পৃ ৫১৩ সা ১, পৃ ৩০।

১ বরিস—বিদ্যা। ২ সঘন—বিদ্যা।
৩ জলধার—বিদ্যা, সা ১ ২। ৪ আঁধিয়ার—বিদ্যা, সা ১, ২।
৫ শ্যামচন্দ্র—বিদ্যা, স। ৬ মনোভাব—পদ।
৭ লই—বিদ্যা, স। ৮ কৈসনে—বিদ্যা।
৯ বঞ্চব—বিদ্যা। ১০ সুমরই—বিদ্যা।
১১ ঘন ঘন—সা ১, ২। ১২ শব্দ—ক।
১৩ ঘরমাহ—বিদ্যা। ১৪ রহত—বিদ্যা।
১৫ ন—বিদ্যা। ১৬ ই সব—বিদ্যা।

চড়ব[1] মনোরথে[2] সারথি কাম।
তুরিতে[3] মিলায়ব নাগর ঠাম॥
মন মাহা[4] সাথি দেয়ত[5] পুনবার[6]।
কহ শেখর ধনি কর অভিসার॥ *

---

[ ২৭ ]

জয়জয়ন্তী

গগনে অব ঘন মেহ দারুণ
সঘনে দামিনি ঝলকই।
কুলিশ পাতন শবদ ঝনঝন
পবন খরতর বলগই॥
সজনি আজু দুরদিন ভেল।†
কান্ত হামারি[7] নিতান্ত আগুসরি[8]
সঙ্কেত-কুঞ্জহি গেল॥ ধ্রু॥
তরল জলধর বরিখে ঝর ঝর
গরজে ঘন ঘন ঘোর।
শ্যাম[9] মোহনে একলি[10] কৈছনে[11]
পন্থ হেরই মোর॥

---

১ চড়ল—প-র-স। ২ মনোরথ—বিদ্যা। ৩ তোরিত—বিদ্যা।
৪ মধু—বিদ্যা। ৫ দেত—বিদ্যা। ৬ পুনুবার—বিদ্যা।

* এই স্থলে বিদ্যাপতির কলি—'কহ কবিশেখর কর অভিসার।'

[২৭] প-র-স। পদ ১৪৩২; পদ পদ ৯৮৪, পৃ ১৯২, ২য় খণ্ড; বিদ্যা পদ ২৯০, পৃ ১৭৭; স পদ ৩৩, পৃ ৫১৩; সা ১, পৃ ৩০; সা ২, পৃ ৩০।

† 'সজনি আজু দুরদিন ভেল' হইতে 'গরজে ঘন ঘন ঘোর।' পর্য্যন্ত পাঁচটী পংক্তি খ পুথিতে নাই। ইহার স্থলে 'খ' পুথির পাঠ—'সজনি আজু দুরদিন ঘোর।'

৭ হমারি—পদ, বিদ্যা। ৮ অগুসরি—বিদ্যা।
৯ সাম—বিদ্যা। ১০ একলে—বিদ্যা। ১১ কৈসনে—বিদ্যা।

সঙরি[1] মঝু তনু অবশ ভেল জনু[2]
অথির থর থর কাঁপ।
এ মঝু[3] গুরুজন নয়ন দারুণ
ঘোর তিমিরহি ঝাঁপ॥
তুরিতে চল অব কিয়ে বিচারব
জিবন[4] মঝু আগুসার।
রায় শেখর-[5] বচনে অভিসর
কিয়ে সে বিঘিনি[6] বিথার॥

---

## হিমকালোচিত অভিসার

[ ২৮ ]

কেদার

হিম-কর-কিরণ হিম[7] অনিবার।
দিশি দিশি হিম-গিরি-পবন বিথার॥
চললি[8] রমণি ধনি আকুল চিত।
সঙ্কেত-কেলি-নিকুঞ্জে উপনীত॥
না দেখিয়া[9] তঁহি বর-নাগর কান।
কাতর অন্তর আকুল পরাণ॥
গুরুজন-নয়ন-পাপগণ[10] বারি।
আয়লুঁ[11] কুলবতি-চরিত উঘারি॥

---

১ সুমরি—বিত্তা। ২ জনি—বিত্তা। ৩ ই মঝু—বিত্তা।
৪ জীবন—ক চ, প-র-সা ; এই পদটী বিষমমাত্রিক ত্রিপদী ছন্দে রচিত, সুতরাং 'জীবন' পাঠে ছন্দোভঙ্গ হয়। ৫ কবিশেখর—বিত্তা। ৬ বিঘিন—স, বিত্তা।
[ ২৮ ] পদ পদ ৩২৭, পৃ ২১২, ১ম খণ্ড ; বিত্তা পদ ৩০২, পৃ ১৮৪ ; স পদ ১০, পৃ ৫০৫।
৭ হীম—চ। ৮ চলিলা—পদ, ক, চ। ৯ ন দেখি—বিত্তা।
১০ পাপগণ—পদ ; পাসগণ—ঘ ; পাষগণ—চ। ১১ আওল—বিত্তা।

ইথে যদি না মিলল[১] সো বর কান।
কহ সখি কৈছনে[২] ধরব পরাণ॥
কহ কবিশেখর সুন্দরি রাই[৩]।
ধৈরজ ধর হাম[৪] আনব যাই॥

---

## জোৎস্নাভিসার

[ ২৯ ]

কেদার

কুন্দ কুমুদ গজ-মোতিম হার।
পহিরল হৃদয়ে[৫] ঝাঁপি কুচ-ভার॥
থোরহি[৬] শশধর-কিরণ বিথার।
ঐছন[৭] সময়ে[৮] কয়ল[৯] অভিসার॥
চৌদিকে[১০] সচকিত নয়নে নেহার।
মদন-মদালসে চলই না পার॥
মিললি নিকুঞ্জে কুঞ্জ-নৃপ পাশ।
কহ কবিশেখর কেলি-বিলাস॥

---

১ ন মিলল—বিদ্যা। ২ কৈসনে—বিদ্যা।
৩ রাহি—বিদ্যা। ৪ হম—স।

[ ২৯ ] প-র-সা পদ ১৪০৪ ; পদ পদ ১০২৭ পৃ ২১১, ২য় খণ্ড; বিদ্যা পদ ২৫২, পৃ ১৫৪ ; স পদ ৩৫, পৃ ৫১৩।

৫ হৃদয়—বিদ্যা। ৬ থোরই—ক, স ; থোরহিঁ—চ।
৭ ঐসন—বিদ্যা। ৮ সময়—বিদ্যা।
৯ কয়ল—সা ১, ২। ১০ চহুদিশ—বিদ্যা, চৌদিশে—সা ১, ২।

## দিবাভিসার

[ ৩০ ]

বরাড়ী

দেব-আরাধন-ছলে[১] চলু গোরী[২]।
সঙ্গহি সম-বয় নবীন কিশোরী ॥
চন্দন কুঙ্কুম আর[৩] ফুল-মাল।
লেয়ল বহু উপহার রসাল ॥
চলু বর-নাগরি সঙ্কব[৪] মাহ।
সচকিত নয়নে দীগ[৫] দশ চাহ ॥
ঐছন[৬] সময়ে[৭] নিবিড় বনমাঝ।
মীলল[৮] একলে বিদগধ রাজ ॥
হেরি সুবদনি অতি হরষিত[৯] ভেলি।
কহ কবিশেখর দুহুঁ জন কেলি[১০] ॥

---

## মান

[ ৩১ ]

পঠমঞ্জরী

মানে মলিন বদন-চাঁদ।
হেরি সহচরি[১১] হৃদয় কান্দ ॥

---

[ ৩০ ] প-র-সা পদ ১০৯৯ ; পদ পদ ৬২৮, পৃ ১১, ২য় খণ্ড ; স পদ ২০, পৃ ৫০৯।

১ 'আরাধন ছলে' স্থলে 'আরাধনে'—বিদ্যা, স, খ, প-র-সা। ২ গৌরি—চ।

৩ অরু—বিদ্যা। ৪ সঙ্কেত—স। ৫ দিক—বিদ্যা, স, দীগ—ক, প-র-সা।

৬ ঐসন—বিদ্যা। ৭ সময়—বিদ্যা, প-র-সা।

৮ মিলল—ক, প র-সা। ৯ চমকিত—বিদ্যা। ১০ মেলি—বিদ্যা।

[ ৩১ ] পদ পদ ৪৮৬, পৃ ৩২৫, ১ম খণ্ড ; পদ পদ ২০৪২, পৃ ১৯৯, ৩য় খণ্ড ; বি ৩, পদ ১৬৩৭, পৃ ১৪২ ; স পদ ১৩, পৃ ৫০৭ ; স পদ ৫০, পৃ ৫১৮। ১১ সহচরী—ক, গ।

অবনত করি আপন শীব[১]।
সঘনে নয়নে ঝরয়ে[২] নীর ॥
ক্ষিতি-তল[৩] নখে লিখই রাই।
থীর নয়নে রহয়ে[৪] চাই ॥
সখিগণ[৫] কছু না কহে বাত।
অরুণ বসন খসয়ে গাত ॥
ফুয়ল কবরি না বান্ধে তায়।
কাতরে শেখর দাঁড়াঞা[৬] চায় ॥

---

## দুর্জ্জয় মান

[ ৩২ ]

কোই রাগিনী

সকালে অমনি বৃন্দা ঠাকুরাণী[৭]
আইল ললিতা-বাস।
কহিলা সকলি কানুর বিকলি[৮]
মধুর বিনয় ভাষ ॥
শুনিয়া ললিতা মনে পাই[৯] বেথা
দুজনে চলিলা ধাই।
সজল নয়ানে মলিন বয়ানে
যেখানে বসিয়া[১০] রাই ॥

---

১ শির—ক, গ। ২ বহয়ে—ক; গলয়ে—পদ।
৩ খিতিতল—পদ। ৪ রহই—পদ।
৫ সখীগণে—ক, গ। ৬ দাঁড়াইয়া—ঘ; ডাঁড়াঞা—চ।

[৩২] পদ পদ ৪৮৭, পৃ ৩২৬, ১ম খণ্ড; বি ৩, পদ ২৬৯৩, পৃ ২৯০; স পদ ১৪, পৃ ৫০৭। ৭ ঠাকুরাণি—ঘ, চ। ৮ বিকুলি—খ, ঘ।
৯ পাইয়া—ক, গ, স। ১০ শুতিয়া—ক, খ।

ললিতা যাইয়া তারে[১] উঠাইয়া
করিলা[২] আপন কোরে।
আপন বসন- অঞ্চলে তখন
মোছয়ে নয়ন-[৩] লোরে ॥
তুহুঁ রসবতী[৪] জগতে খেয়াতি
রূপে গুণে নাহি সীমা।
সে বহু-বল্লভ আনের দুর্লভ[৫]
জানিয়া না দেহ[৬] ক্ষেমা[৭] ॥
শত গুণ যার এক দোষ তার
ছাড়িতে উচিত নয়[৮]।
সে তোর কারণে কান্দয়ে কাননে
এ কবিশেখর কয় ॥

---

## দূতীর প্রতি মাধবের উক্তি

[ ৩৩ ]

গান্ধার[৯]

সজনি[১০] না[১১] বুঝই[১২] এ মঝু[১৩] ভাগ[১৪]।
আকুল চিত মঝু[১৫] তাঁহি সজাগ ॥ ধ্রু ॥[১৬]

---

১ ধরি—ক, খ। ২ করিল—ক, খ। ৩ নয়ান—ঘ, চ।
৪ রসবতি—ঘ, চ। ৫ দুল্লভ—ঘ, চ। ৬ কর—ক, খ।
৭ ক্ষমা—ক-গ, স। ৮ হয়—স।

[ ৩৩ ] প-র পদ ৩১।৬৬ ; পদ পদ ৫০৩, পৃ ৩৩৮, ১ম খণ্ড ; বিদ্যা পদ ৪০৪, পৃ ২৪৭ ; স পদ ১৫, পৃ ৫০৭।

৯ ধানশ্রী—প-র। ১০ সজনী—ঘ। ১১ ন—বিদ্যা।
১২ বুঝিয়—বিদ্যা, বুঝি—প-র ; বুঝিয়ে—পদ ; বুঝএ—ঘ। ১৩ কমন—প-র।
১৪ স্বভাব—প-র। ১৫ 'আকুল চিত মঝু' স্থলে 'মঝু মন আকুল'—প-র।
১৬ প-র পুথি ছাড়া অন্যান্য পুথিতে 'ধ্রু' নাই।

বচনহি[১] নিজ করি[২] না বোলয়ে রাই[৩]।
মুঞি[৪] জীবন বিনু না বোলহ[৫] তাই[৬]।
মঝু পরসঙ্গে সে না দেই[৭] কান।
তাহা[৮] বিনু মঝু মুখ[৯] না ফুরয়ে[১০] আন ॥
সমাধান চাহিনা হয়ে[১১] সমাধান[১২]।
তেঞি[১৩] অতিরেক[১৪] হানয়ে[১৫] পাচবাণ ॥
শেখর[১৬] কহয়ে[১৭] প্রিয়[১৮] মন কর থীর।
সহজই[১৯] নায়রি[২০] ভাব গভীর ॥

---

## কারণাভাস মান

[ ৩৪ ]

কেদার

বড় অপরূপ পেখলুঁ[২১] শ্যাম।
কি লাগিয়া তুহুঁ[২২] কয়ল মান ॥

---

১ বচনেহ—প-র ; বচনহু—বিদ্যা। ২ কহ—বিদ্যা।
৩ ন বোলয় রাহি—বিদ্যা। ৪ মোয়—বিদ্যা।
৫ ন বোলহি—বিদ্যা ; না বোলহ—স ক, গ ; বোলহু—প-র।
৬ তাহি—বিদ্যা। ৭ ন দয়—বিদ্যা। ৮ তা—পদ ; সেহ—বিদ্যা।
৯ মুখে—প-র। ১০ ন ফুরয়—বিদ্যা।
১১ হয়—স, ক, গ ; হোয়ে—প-র ; হোয়—বিদ্যা।
১২ সমধান—বিদ্য। ১৩ তে—পদ ; তৈঁ—স।
১৪ অতিরেকে—স, ক। ১৫ হানয়—বিদ্যা ; হানল—প-র।
১৬ কহ—বিদ্য। ১৭ কহ—প-র। ১৮ কবিশেখর—বিদ্যা।
১৯ সহজহি—বিদ্যা ; সহজেই ক, গ, স ; সহজাই—প-র।
২০ নাগরী—ক-গ ; নাগরী—পর।
[ ৩৪ ] প-র-সা পদ ৭৭৯ ; পদ পদ ৫৯৫, পৃ ৩৯৪, ১ম খণ্ড ; স পদ ১৭, পৃ ৫০৮।
২১ 'পেখলুঁ' স্থলে 'আজি পেখলুঁ —ক, গ, স ; দেখলুঁ —চ, প-র-সা।
২২ তুহুঁ—ক, খ, গ, স।

বিবরি কহিবে সজনি হে।
একথা শুনিলে আউলায়[১] দে॥
এত[২] অদভূত কোথা না শুনি।
নাগরী উপরে নাগর মানি॥
এহো[৩] অপরূপ কোথা[৪] না দেখি।
হেন প্রেম দুহুঁ শেখর সাখী॥

## মানভঞ্জন

### সখীতে সখীতে কথা

[ ৩৫ ]

ধনি ভেলি মানিনি সখিগণ মাঝ।
অনুনয় করইতে উপজয়[৫] লাজ॥
পিরিতিক আরতি বিরতি ন[৬] সহই।
ইঙ্গিত ভঙ্গিএ[৭] দুহু[৮] সব কহই॥
রাহি[৯] সুচেতনি কাহ্নু[১০] সেয়ান[১১]।
মনহি সমাধল মন-অভিমান[১২]॥
জো নিজ নুপুর ধয়ল মুরারি।
সখিলখি অনতয় চলু বর নারি॥

---

১ আলুয়ায়—প-র-সা। ২ অতি—স।
৩ এহ—ক। ৪ কোথায়—ক, স।
[ ৩৫ ] বিদ্যা পদ ৪৬৫, পৃ ২৮৫ ; অ পদ ১৭, পৃ ৫।
৫ উপজয়ে—অ। ৬ না—অ।
৭ ভঙ্গিয়ে—অ। ৮ দুহু—অ। ৯ রাই—অ।
১০ কানু—অ। ১১ নিয়ান—অ। ১২ রু—অ।

হরি জব ছায়া করল ধনি পায়[1] ।
সম্ভ্রমে বইসলি[2] ধনি কর লায় ॥ *
অধরে মুরলি জৌ ধয়ল মুরারি ।
ফোই কবরি ধনি বাঁধি সম্বারি ॥
কহ কবিশেখর বুঝয়[3] সেয়ান[4] ।
ইঙ্গিতে রস পসারল[5] পাঁচ বান ॥

---

## শ্রীরাধাকৃষ্ণের সঙ্কীর্ণ সম্ভোগ

### সখীর উক্তি

[ ৩৬ ]

ভূপালী[6]

রাই[7] যবে[8] হেরল হরি[9] মুখ-ওর ।
তৈখনে[10] ছল-ছল লোচন জোর[11] ॥

---

১ হরি শির-ছায় ধরলি ধনি পায়—অ । ২ সম্ভ্রমে বৈঠলি ধনি—অ ।

* ইহার পরবর্ত্তী পং'ক্তিদ্বয়ের পরিবর্ত্তে 'অ' পুথির পাঠ :—

'নিজ-নূপুর যব ধরু বনমালি ।
সখি সঞে অনত চলত বর নারি ॥
অধরে মুরলি যব ধরু বনয়ারি ।
ফোই কবরি ধনি বান্ধি সম্ভারি ॥'

৩ বুঝয়ে—অ । ৪ সিয়ান—অ । ৫ বরখল—অ ।

[ ৩৬ ] ক পদ ১৫, পৃ ২৮৭ ; পদ পদ ৫২৩, পৃ ৩৫২, ১ম খণ্ড ; বিত্তা পদ ৫৫০, পৃ ৩৩৬ ; স পদ ১৬, পৃ ৫০৭ ; অ পদ ১৪, পৃ ৪ ।

৬ যথা রাগ—ব ; শ্রীগান্ধার—ক ; সুহই—অ । ৭ রাহী—বিত্তা ।

৮ যব—বিত্তা । ৯ যব হরি হেরল রাই—ক, অ ।

১০ তৈছনে—ক । ১১ নয়নকো লোর—ক ।

যব[1] পহুঁ[2] কহলহি[3] লহু লহু বাত।
তবহুঁ[4] কয়ল ধনি অবনত মাথ॥
যব হরি ধয়লহি[5] অঞ্চল-পাশ[6]।
তৈখনে ঢর ঢর[7] তনু পরকাশ॥
যব পহু[8] পরশল কঞ্চুক-সঙ্গ।
তৈখনে পুলকে পূরল সব[9] অঙ্গ॥
পূরল মনোরথ মদন উদেশ[10]।
কহ[11] কবিশেখর পিরিতি বিশেষ॥

---

## শ্রীরাধার মানভঞ্জন

[ ৩৭ ]

বিভাষ

তুহুঁ না পরশ যদি মোয়। পিরিতি কৈছে তব হোয়॥
ইথে লাগি শরণ তোহারি। মানহ পরশ হামারি॥
যদি[12] জানসি মঝু দোখ। মোহে হেরি সম্বর[13] রোখ॥
এ তুয়া চরণ ধরি হাম। কহি পদযুগ ধরি[14] শ্যাম॥

---

১-২ যবহুঁ—ক, চ, বিদ্যা। ৩ কহল—ক্ষ; কহলহি—অ।
৪ তবহি—ক্ষ। ৫ ধরলহি—বিদ্যা, স।
৬ যবহু ধয়ল পহু, অঞ্চল বাস—ক্ষ। ৭ ঢল ঢল—ক্ষ।
৮ হরি—ক্ষ। ৯ তুহু—ক্ষ, অ।
১০ উপদেশ—ক, স। ১১ কহে—ক্ষ, অ।

[ ৩৭ ] প-র-সা পদ ৫৩৩ ও ৫৩৪; পদ পদ ৩৮৯, পৃ ২৫৪, ১ম খণ্ড; বি ৩, পদ ১৬৪৩, পৃ ১৫৩; স পদ ১২, পৃ ৫০৬।

১২ যব—য। ১৩ সম্বরু—প-র-সা। ১৪ ধরু—স।

তাহে না টুটল মান। মানিনি[১] উপেখি চলু কান॥ *
কুঞ্জ অঙ্গনে কুঞ্জরাজ। কাঁপি পড়ল ক্ষিতিমাঝ॥
ফেরি নেহারত রাই। মরি মরি করত কান্হাই[২]॥
ভুজগে কাটল তনু-ওর[৩]। কপটহি মুরুছল ভোর॥
বজর পড়ল শুনি বোলে। ধাই[৪] ধনি[৫] ধরি[৬] কয় কোলে॥
উঠল নাগরবর শূর। মান-গরব ভেল চুর॥
মন্ত্র-শিরোমণি ব্রজচাঁদ। সোই[৭] পড়ল পুন ফাঁদ॥
ধনি-মুখ মোছল বাসে। চুম্বন করল বহু আশে॥
নিরসল[৮] হেরি বিহান। সব রস করি[৯] সমাধান॥
কো[১০] সমুঝব[১১] দুঁহু নেহ। দুহুঁ-তনু না বান্ধয়ে[১২] থেহ॥
কবিশেখর রস গায়। দুহুঁ জন প্রেম সহায়॥

---

## খণ্ডিতা

[ ৩৮ ]

চাতুরি পরিহর নাগর চোর।
সখি দেখত সব অঙ্গহি তোর॥

---

১ মানিনী—স; মানি—ঘ।

* প-র-সা পুথিতে অতঃপর নিম্নরূপ দুই পংক্তি ভণিতা দিয়া পদ শেষ হইয়াছে :—
'মানিনী মানে ভৈ ভোর।
গোবিন্দ দাস কহে ওর॥'
অবশিষ্ট অংশ লইয়া প-র-সা পুথিতে স্বতন্ত্র ( ৫৩৪ সংখ্যক ) পদ গঠিত হইয়াছে।

২ কানাই—স। ৩ মোর—প-র-সা।
৪ রাই—স। ৫ ধরি—স; ধনী—প-র-সা।
৬ ধরু—ঘ, বন্ধু—ক, স। ৭ সো ইহ—স।
৮ নিরসন—প-র-সা। ৯ করু—স। ১০ সো—স।
১১ সমুঝাব—স। ১২ 'না বান্ধয়ে' স্থলে 'ব ন্ধয়ে'—ক, স।

[ ৩৮ ] বি ৩, পদ ১১, পৃ ১৪৯।

ভালে বিরাজিত সিন্দুর রেখ।
মুকুর করে করি দেখ পরতেক॥
লোহিত লোচন পঙ্কজ ভাঁতি।
মলিন ভেই তুয়া অধরহি কাঁতি॥
গোপিনি লাগল নিজ অনুরাগে।
চুম্বনে লাগল কাজর দাগে॥
কহে কবিশেখর কহই না পারি।
তাঁহি গমন কর জাঁহা বর নারি॥

---

[ ৩৯ ]

প্রভাতে উঠিয়া বিনদ নাগর
চলিলা নাগরি পাস।
ঘুমে ঢুলু ঢুলু জুগল লোচন
মুখে মৃদু মৃদু হাস॥
কপাল উপরে সিন্দুর বিন্দু
অধরে কাজর দেখি।
হিয়ার মাঝারে অলকা তিলক
নখ চিহ্না আছে সাখি॥
গলায় দিয়াছে বিনা সুতে মালা
নাগরি দিয়াছে সাধে।
এসব ভুসন অঙ্গেতে করিয়া
ভেটীতে আইলা রাধে॥

---

[ ৩৯ ] বি ৩, পদ ৬, পৃ ১৪৬।

হাসিতে হাসিতে রসিক নাগর
চলিলা রায়ের পাস।
দেখিয়া জ্বলিছে অন্তর পুড়িছে
কহয়ে সেখর দাস॥

---

## শ্রীরাধার প্রতি শ্রীকৃষ্ণ

[ ৪০ ]

ধানশী[১]

শুন শুন সুন্দরি কর অবধান।
বিনি[২] অপরাধে কহসি কাহে[৩] আন॥
পূজলুঁ[৪] পশুপতি যামিনি জাগি।
গমন বিলম্ব[৫] ভেল তথি[৬] লাগি॥
লাগল মৃগমদ[৭] কুঙ্কুম[৮] দাগ।
উচ্চারিতে[৯] মন্ত্র অধরে নাহি রাগ॥
রজনি উজাগরি লোচন ভোর[১০]।
তথি[১১] লাগি তুহু[১২] মুঝে[১৩] বোলসি চোর॥

---

